নুশিন ইলেকট্রনিক্স
প্রোঃ মোঃ রেদওয়ান

এখানে সকল প্রকার ব্যাটারী (আইপিএস, গাড়ি, সৌর বিদ্যুৎ, চার্জার ফ্যানসহ অন্যান্য ব্যাটারী), ইলেকট্রিক মালামাল ও হাইব্রিড সোলার বিক্রয় এবং সরবরাহ করা হয়।
স্টেডিয়াম রোড, (টি.এন.টি অফিস সংলগ্ন) চাঁদপুর।
মোবাইল : ০১৮১৮৩১৭৮২৪, ০১৯৬১১০০৩০৫

দৈনিক চাঁদপুর দিগন্ত

The Daily Chandpur Diganta

সত্য প্রকাশে অবিচল

সরকারি বিজ্ঞাপন তালিকাভুক্ত

শুক্রবার
রেজিঃ নং-চ-৫১৩
২ অক্টোবর ২০২৬
২১ তম বর্ষ : সংখ্যা-৫৯
১৭ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
১৯ রবি: সানি ১৪৪৮ হিজরী
মূল্য ৫ টাকা

E-mail : dailydiganta@gmail.com
Website : www.chandpurdiganta.com

স্বতন্ত্র সাইবার পুলিশ ইউনিটের যাত্রা শুরু

দিগন্ত ডেস্ক

সাইবার অপরাধ মোকাবিলায় বিশেষায়িত ইউনিট হিসেবে স্বতন্ত্র সাইবার পুলিশ ইউনিটের যাত্রা শুরু হয়েছে । শুরুতেই একজন অতিরিক্ত আইজিপির নেতৃত্বে এই ইউনিটের জনবল কাঠামো করা হয়েছে ৪ হাজার ৫৯২ জনের। বৃহস্পতিবার পুলিশ সদর দপ্তরে আয়োজিত এক প্রেস ব্রিফিংয়ে স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমদ নতুন পুলিশ ইউনিটের যাত্রা শুরুর ঘোষণা দেন। তিনি বলেন, এ ইউনিটে সাইবার সিকিউরিটি এক্সপার্ট, ফিন্যান্সিয়াল ডেটা অ্যানালিস্ট, ক্রিপ্টো অ্যানালিস্ট, ম্যালওয়্যার অ্যানালিস্ট ও ডার্ক ওয়েব অ্যানালিস্টসহ বিভিন্ন বিশেষজ্ঞ

৩-এর পাতায় দেখুন

দেশে আশঙ্কাজনক হারে বাড়ছে শিশু ধর্ষণ

দিগন্ত ডেস্ক

দেশে আশঙ্কাজনক হারে বাড়ছে শিশু ধর্ষণ। চলতি বছরের প্রথম ৬ মাসেই ৩৩৬ জন শিশু ধর্ষণের শিকার হয়েছে। আর বিগত ২০২১ থেকে ২০২৬ সালের জুলাই পর্যন্ত দেশে মোট ৩৪ হাজার ৯২২টি ধর্ষণের মামলা হয়েছে। তার মধ্যে ১১ হাজার ৭৪৪টিই শুধু শিশু ধর্ষণের মামলা। শিশুরা নিজ ঘর, শিক্ষা প্রতিষ্ঠানসহ বিভিন্ন স্থানে ওই নির্যাতনের শিকার হচ্ছে। আর নিকটাত্মীয় ও পরিচিতদের মাধ্যমেই ঘটছে ওসব ঘটনা। শিশু ধর্ষণের ক্ষেত্রে অপরাধীরা নানা কৌশল নেয়। তার মধ্যে রয়েছে শিশুদের খাবারের লোভ দেখিয়ে বা একা পেয়ে ধর্ষণ করা হয়। তাছাড়া খেলার সময় কৌশলে ডেকে নিয়ে এবং কিছুক্ষেত্রে ভয় দেখিয়ে বা ব্ল্যাকমেল করেও করা হয় শিশু ধর্ষণ। পুলিশ বিভাগ ও মানবাধিকার সংগঠন সংশ্লিষ্ট সূত্রে এসব তথ্য জানা যায়।

সংশ্লিষ্ট সূত্র মতে, চলতি ২০২৬ সালের প্রথম ৬ মাসে ধর্ষণের শিকার হয় ৩৩৬টি শিশু। তার মধ্যে ১২৭টি মেয়ে শিশু আর ২৪ জন ছেলে শিশু। আর বিগত ২০২৫ সালে পুরো বছরে দেশে শিশু ধর্ষণের ঘটনা ঘটেছিল ৩০৮টি। ফলে গত বছরের চেয়ে বেশি শিশু ধর্ষণের ঘটনা চলতি বছরের প্রথম ৬ মাসেই ঘটেছে। ধর্ষণের ক্ষেত্রে সবচেয়ে বেশি ভুক্তভোগী ৭ থেকে ১২ বছর বয়সি শিশুরা। এমনকি শূন্য থেকে ৬ বছর বয়সি শিশুরাও ঝুঁকিমুক্ত নয়। তবে বেশি ধর্ষণের শিকার হচ্ছে ১৩ থেকে ১৮ বছর বয়সি কিশোর-কিশোরীরা। আবার ওই শিশুদের মধ্যে ৩০০-এর অধিক সংখ্যক একাধিকবার ধর্ষণের শিকার হয়েছে। ধর্ষণের পর ৩৩৬ শিশুর মধ্যে ২ জন আত্মহত্যা করেছে, গর্ভধারণ করেছে ১১ জন আর হত্যার শিকার হয়েছে ৩২ জন। ধর্ষিত শিশুদের মধ্যে প্রতিবন্ধী শিশু ১৬ জন।
সূত্র জানায়, সাধারণত ঘর, পরিচিত সামাজিক ও পারিবারিক পরিবেশেই শিশু ধর্ষণের ঘটনা বেশি ঘটছে। অনেক ঘটনাই ভুক্তভোগীর নিজের ঘরে, অপরাধীর বাসায়, নির্জন মাঠে, দোকান ও

৩-এর পাতায় দেখুন

আইন সবার জন্য সমান : ফেনীতে প্রধানমন্ত্রী

দিগন্ত ডেস্ক

প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারম্যান তারেক রহমান বলেছেন, বিএনপিকে দেশের মানুষ দেশ পরিচালনার দায়িত্ব দিয়েছে। এখন বিএনপি সর্বশক্তি দিয়ে নিশ্চিত করবে, আইন সবার জন্য সমান এবং দেশে আইনের শাসন প্রতিষ্ঠিত হয়। একই সঙ্গে কিছু রাজনৈতিক দল অনাকাঙ্ক্ষিত ঘটনাকে পুঁজি করে দেশে অরাজকতা সৃষ্টির চেষ্টা করছে বলেও মন্তব্য করেছেন তিনি।
বৃহস্পতিবার (১ অক্টোবর) ফেনীর পরশুরাম উপজেলার ঘাটঘর-মুহুরী ব্রিজ এলাকায় 'মুহুরী-কহুয়া বন্যা নিয়ন্ত্রণ, নিষ্কাশন ও সেচ প্রকল্পের পুনর্বাসন (প্রথম পর্যায়)' উদ্বোধন

৩-এর পাতায় দেখুন

মধ্য অক্টোবরে মৌসুমি বায়ু বিদায় নিলেও মাসজুড়ে থাকবে ভ্যাপসা গরম

দিগন্ত ডেস্ক

অক্টোবরজুড়ে ভ্যাপসা গরম থেকে পুরোপুরি স্বস্তি মিলবে না। মাসের প্রথমার্ধে দেশের বিভিন্ন এলাকায় বিচ্ছিন্ন বৃষ্টির পাশাপাশি গরম ও আর্দ্র আবহাওয়া বিরাজ করতে পারে। এর মধ্যে মধ্য অক্টোবর নাগাদ বাংলাদেশ থেকে দক্ষিণ-পশ্চিম মৌসুমি বায়ু পুরোপুরি বিদায় নেওয়ার সম্ভাবনা রয়েছে। তবে মৌসুমি বায়ু বিদায় নিলেও বঙ্গোপসাগরে একাধিক লঘুচাপ সৃষ্টি হওয়ায় মাসের শেষভাগে দেশের দক্ষিণ ও মধ্যাঞ্চলে বৃষ্টির প্রবণতা বাড়তে পারে বলে জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর।
বৃহস্পতিবার সংস্থাটির অক্টোবর-ডিসেম্বরের দীর্ঘমেয়াদি পূর্বাভাসে বলা হয়েছে, এ সময়ে দেশে স্বাভাবিকের তুলনায় কম বৃষ্টিপাত হতে পারে। বঙ্গোপসাগরে ৩ থেকে ৫টি লঘুচাপ সৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে। এর মধ্যে ১ থেকে ২টি লঘুচাপ নিম্নচাপ বা ঘূর্ণিঝড়ে রূপ নিতে পারে। একই সময়ে দিন ও রাতের তাপমাত্রা ধীরে ধীরে কমলেও তা স্বাভাবিকের তুলনায় কিছুটা বেশি থাকতে পারে।
সেপ্টেম্বরের আবহাওয়ার পরিসংখ্যানেও তাপমাত্রার বাড়তি প্রবণতা দেখা গেছে। ওই মাসে দেশের গড় তাপমাত্রা স্বাভাবিকের চেয়ে ০.৬ ডিগ্রি সেলসিয়াস বেশি ছিল। সর্বোচ্চ তাপমাত্রা ৩৭.৬ ডিগ্রি সেলসিয়াস রেকর্ড হয় সিলেটে ২৮ সেপ্টেম্বর। একই মাসে দেশের মোট বৃষ্টিপাত স্বাভাবিকের চেয়ে ১৭.৯ শতাংশ কম ছিল। অক্টোবরের

২-এর পাতায় দেখুন

চাঁদপুর জেলা প্রশাসন ও চাঁদপুর জেলা সমাজসেবা কার্যালয়ের যৌথ আয়োজনে আন্তর্জাতিক প্রবীণ দিবস উপলক্ষে চাঁদপুর জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমানের নেতৃত্বে র‍্যালি।

চাঁদপুরে আন্তর্জাতিক প্রবীণ দিবস পালিত

সকল পরিবারে প্রবীণদের সাথে শ্রদ্ধাশীল আচরণ করতে হবে

---------- জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান

স্টাফ রিপোর্টার

চাঁদপুর জেলা প্রশাসন ও চাঁদপুর জেলা সমাজসেবা কার্যালয়ের যৌথ আয়োজনে আন্তর্জাতিক প্রবীণ দিবস ২০২৬ উপলক্ষে বর্ণাঢ্য র‍্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।
০১ অক্টোবর (বৃহস্পতিবার) সকাল সাড়ে ৯টায় চাঁদপুর জেলা প্রশাসকের কার্যালয় প্রাঙ্গনে চাঁদপুর জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমানের নেতৃত্বে র‍্যালি অনুষ্ঠিত হয়। র‍্যালি শেষে সকাল ১০টায় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।
সভায় সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক মো. নজরুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন চাঁদপুর জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান।
প্রধান অতিথির বক্তব্যে জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান বলেন, প্রবীণরা পরিবার, সমাজ ও রাষ্ট্র গঠনে দীর্ঘদিন গুরুত্বপূর্ণ

২-এর পাতায় দেখুন

উত্তর শাহতলী জোবাইদা বালিকা উবিতে বার্ষিক পুরস্কার বিতরণ

নারীদের সু-শিক্ষায় শিক্ষিত হয় দেশ গড়ার কাজে সম্পৃক্ত হতে হবে

---------আলহাজ্ব রাশেদা বেগম হীরা এমপি

নিজস্ব প্রতিবেদক

চাঁদপুর সদর উপজেলার ৪নং শাহমাহমুদপুর ইউনিয়নের উত্তর শাহতলী জোবাইদা বালিকা উচ্চ বিদ্যালয়ে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে।
০১ অক্টোবর (বৃহস্পতিবার) সকাল ১০টায় বিদ্যালয় মিলনায়তনে বিদ্যালয়

উত্তর শাহতলী জোবাইদা বালিকা উবির বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করছেন প্রধান অতিথি সংসদ সদস্য আলহাজ্ব রাশেদা বেগম হীরা।

ম্যানেজিং কমিটির সভাপতি ও চাঁদপুর প্রেস ক্লাবের সভাপতি সোহেল রুশদী'র সভাপতিত্বে প্রধান অতিথির বক্তব্য রাখেন, নারী আসনের সংসদ সদস্য আলহাজ্ব রাশেদা বেগম হীরা।
প্রধান অতিথি বক্তব্যে সংসদ সদস্য আলহাজ্ব রাশেদা বেগম হীরা বলেন, তোমাদের পাঠ্যপুস্তকের পড়াশোনাই যথেষ্ট নয়, শারীরিক ও মানসিক সুস্থতার জন্য খেলাধুলা অত্যন্ত জরুরি। মাদক, মোবাইল ফোনের অতিরিক্ত আসক্তি এবং অপসংস্কৃতি থেকে তরুণ

২-এর পাতায় দেখুন

ফরিদগঞ্জে এনটিআরসিএ সুপারিশপ্রাপ্ত মাদ্রাসা শিক্ষকের কাণ্ড

নিয়োগের পর ৬ মাসই অনুপস্থিত, হাজিরা খাতায় স্বাক্ষর করায় শিক্ষকদের ক্লাস বর্জন

ফরিদগঞ্জ প্রতিনিধি

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষের (এনটিআরসিএ) সুপারিশে যোগদানের পর থেকেই কর্মস্থলে অনুপস্থিত। কোনো আনুষ্ঠানিক ছুটি বা অনুমোদন ছাড়া টানা প্রায় ছয় মাস পর হঠাৎ মাদ্রাসায় হাজির হয়ে হাজিরা খাতায় সই করলেন শিক্ষক।
ফরিদগঞ্জ উপজেলার কড়ৈতলী কে এ সিনিয়র আলিম মাদ্রাসায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) বিষয়ের প্রভাষক মো. আরিফুজ্জামানের এই কাণ্ডে ক্ষুব্ধ হয়ে উঠেছেন সহকর্মীরা। বিধি লঙ্ঘন করে সই করার প্রতিবাদে বৃহস্পতিবার (১ অক্টোবর ২০২৬) সবশিক্ষক একযোগে ক্লাস বর্জন করেন। পরে বাধ্য হয়ে হাজিরা খাতা থেকে ওই শিক্ষকের সই মুছে দিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন প্রতিষ্ঠান প্রধান।
মাদ্রাসা কর্তৃপক্ষ ও শিক্ষক সূত্রে জানা গেছে, চলতি বছরের ৮ ফেব্রুয়ারি রংপুরের মো. আরিফুজ্জামান কড়ৈতলী মাদ্রাসায় আইসিটি বিষয়ের প্রভাষক পদে যোগ দেন। যোগদানের পর রমজানের ৪০ দিনের ছুটি শেষে গত ৪ ও ৫ এপ্রিল মাত্র দুই দিন তিনি শ্রেণিকক্ষে উপস্থিত হন। এরপর কোনো লিখিত আবেদন বা কর্তৃপক্ষকে না জানিয়েই কর্মস্থল থেকে তিনি উধাও হয়ে যান। এই দীর্ঘ সময়ে প্রতিষ্ঠানের পক্ষ থেকে বারবার যোগাযোগের চেষ্টা করা হলেও তাকে পাওয়া যায়নি। টানা অনুপস্থিতির কারণে গত ১৬ জুলাই

২-এর পাতায় দেখুন

চাঁদপুরে ২ প্রতিষ্ঠানকে ১৫ হাজার টাকা জরিমানা

শহর প্রতিনিধি

চাঁদপুরে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের অভিযানে দুটি প্রতিষ্ঠানকে ১৫ হাজার টাকা জরিমানা করা হয়েছে।
বৃহস্পতিবার (১ অক্টোবর) জেলার ওয়ারলেস বাজার ও ছায়াবানী মোড় এলাকায় এ অভিযান পরিচালনা করা হয়।
এসময় জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ আইন-২০০৯ অনুযায়ী, ফায়ার সার্ভিসের লাইসেন্স ছাড়া দাহ্য পদার্থ ব্যবহার ও সংরক্ষণ এবং অগ্নিনির্বাপক স্প্রে না রাখায় এস এস বাজারকে ১০ হাজার টাকা জরিমানা করা হয়। এ ছাড়া উৎপাদন ও মেয়াদোত্তীর্ণের তারিখবিহীন পণ্য সংরক্ষণ ও বিক্রি এবং মূল্যতালিকা না থাকায় ব্রাদার্স কর্পোরেশনকে ৫ হাজার টাকা

২-এর পাতায় দেখুন

চাঁদপুর মেডিকেল কলেজে ইন্টার্নশিপ ও পরিচিতিমূলক কোর্সে অতিথিবৃন্দ।

চাঁদপুর মেডিকেল কলেজে ইন্টার্নশিপ ও পরিচিতিমূলক কোর্স সম্পন্ন

স্টাফ রিপোর্টার

চাঁদপুর মেডিকেল কলেজের ৩য় ব্যাচের নবীন চিকিৎসকদের বরণ ও রোটেটরি ইন্টার্নশিপ কর্মসূচি উপলক্ষে এক পরিচিতিমূলক কোর্স অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (১লা অক্টোবর ২০২৬) সকালে ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুরের কনফারেন্স রুমে রেনাটা পিএলসির সৌজন্যে বর্ণাঢ্য আয়োজনে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানটি মেডিকেল কলেজের শিক্ষক-শিক্ষার্থী এবং জেলা হাসপাতালের চিকিৎসকদের এক মিলনমেলায় পরিণত হয়। ২৫০ শয্যা চাঁদপুর সরকারি জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. একেএম.

২-এর পাতায় দেখুন

জেলা মৎস্য দপ্তর আয়োজিত সভায় সভাপতির বক্তব্য রাখেন জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান।

চাঁদপুরে মা ইলিশ ধরলে ৬ মাসের কারাদণ্ড, বাতিল হবে জেলে কার্ড

শহর প্রতিনিধি

চাঁদপুরের জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান বলেছেন, ইলিশ সম্পদ রক্ষা করা আমাদের সবার দায়িত্ব। প্রজনন মৌসুমে নিষেধাজ্ঞা অমান্য করে মা ইলিশ শিকার করলে সংশ্লিষ্ট জেলেদের কমপক্ষে ছয় মাসের কারাদণ্ড দেওয়া হবে। পাশাপাশি তাদের জেলে কার্ড বাতিলের ব্যবস্থা নেওয়া হবে। মা ইলিশের নিরাপদ প্রজনন নিশ্চিত করতে নদীসংলগ্ন খালের মুখ বন্ধ করা এবং অভয়াশ্রম এলাকায় পাঁচটি অস্থায়ী পুলিশ ক্যাম্প স্থাপনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে।
বৃহস্পতিবার (১ অক্টোবর) দুপুরে চাঁদপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জেলা মৎস্য দপ্তর আয়োজিত মা ইলিশ সংরক্ষণ অভিযান-২০২৬ উপলক্ষে ইলিশ সম্পদ উন্নয়নসংক্রান্ত জেলা টাস্কফোর্স কমিটির সভায় সভাপতির বক্তব্যে তিনি এসব কথা বলেন।
জেলা প্রশাসক বলেন, যেসব জেলে নিষেধাজ্ঞার সময় নদীতে নামবেন না এবং মা ইলিশ শিকার থেকে বিরত থাকবেন, তাদের প্রত্যেককে ২৫ কেজি করে খাদ্যসহায়তা দেওয়া হবে। চাঁদপুর জেলায় এ সহায়তা পাবেন ৪১ হাজার ৩৯০ জন জেলে। এ ছাড়া নিষেধাজ্ঞার সময়ে জেলেরা যাতে ঋণের কিস্তি পরিশোধের চাপে না পড়েন, সে ব্যবস্থাও নেওয়া হবে।
ইলিশের প্রধান প্রজনন মৌসুমে মা ইলিশ রক্ষায় আগামী ৮ অক্টোবর থেকে ২৯ অক্টোবর পর্যন্ত টানা ২২

২-এর পাতায় দেখুন

দেশ খেয়েছে খাজুরেরা, নাম পড়েছে হুজুরের- হাজীগঞ্জে চরমোনাই পীর

হাজীগঞ্জ প্রতিনিধি

হাজীগঞ্জে বাংলাদেশ মুজাহিদ কমিটি হাজীগঞ্জ উপজেলা শাখার উদ্যোগে আয়োজিত ওয়াজ ও মাহফিলে বক্তব্য দিয়েছেন ইসলামী আন্দোলন বাংলাদেশের আমির ও চরমোনাই পীর মুফতি সৈয়দ মুহাম্মাদ রেজাউল করীম। বুধবার (৩০ সেপ্টেম্বর) রাতে হাজীগঞ্জ ঐতিহাসিক বড় মসজিদে এ মাহফিল অনুষ্ঠিত হয়।
মাহফিলে দেশের চলমান রাজনৈতিক ও সামাজিক পরিস্থিতি,নৈতিকতা,ধর্মীয় মূল্যবোধ ও মানুষের অধিকারসহ বিভিন্ন বিষয়ে বক্তব্য দেন চরমোনাই পীর। বক্তব্যের একপর্যায়ে তিনি বলেন, 'দেশ খেয়েছে খাজুরেরা, নাম পড়েছে হুজুরের।' তাঁর এ বক্তব্য উপস্থিত মুসল্লিদের মধ্যে আলোচনার সৃষ্টি করে।
তিনি বলেন, সমাজ ও রাষ্ট্রে ন্যায়-নীতি, সততা ও জবাবদিহিতা প্রতিষ্ঠা করা প্রয়োজন। অন্যায়, অনিয়ম, দুর্নীতি ও মানুষের অধিকার হরণের বিরুদ্ধে সবাইকে সচেতন হওয়ার আহ্বান জানান তিনি। একই সঙ্গে ইসলামি মূল্যবোধ অনুসরণ করে ব্যক্তি ও সামাজিক

২-এর পাতায় দেখুন

ইতিহাসে ২ অক্টোবর

১৯৩৪ সালে জার্মানির স্বৈরশাসক রূপে এডলফ হিটলারের আত্মপ্রকাশ ঘটে। ১৯৫৫ সালে সোভিয়েত ইউনিয়ন প্রথম পারমাণবিক পরীক্ষা চালায়। ১৯৫৮ সালে গিনি ফ্রান্সের কাছ থেকে স্বাধীনতা ঘোষণা করে। ১৯৫৮ সালে ঘানা ফ্রান্সের কাছ থেকে স্বাধীনতা অর্জন করে। ১৯৮৩ সালে বাংলাদেশ গ্রামীণ ব্যাংকের আত্মপ্রকাশ ঘটে। ১৯৯০ সালে ইরাকি ট্যাঙ্ক ও পদাতিক বাহিনী কুয়েত দখল করে। ১৯৯৫ সালে বাংলাদেশ সরকার সাপটা অনুমোদন করে। এইদিন, আন্তর্জাতিক অহিংস দিবস এবং বাংলাদেশে জাতীয় উৎপাদনশীলতা দিবস পালিত হয়।

হাজীগঞ্জে গাঁজা ও ইয়াবাসহ নারী আটক

হাজীগঞ্জ প্রতিনিধি

হাজীগঞ্জে ৩ কেজি ৫০০ গ্রাম গাঁজা ও ১০০টি ইয়াবাসহ নার্গিস আক্তার (৩২) নামে এক নারীকে আটক করেছে পুলিশ। বুধবার (৩০ সেপ্টেম্বর) রাতে উপজেলার মকিমাবাদ এলাকার একটি ভাড়া বাসায় অভিযান চালিয়ে তাঁকে আটক করা হয়। পুলিশ ও সংশ্লিষ্ট সূত্রের ভাষ্য, বুধবার রাত আনুমানিক আটটার দিকে চাঁদপুর জেলা বিশেষ শাখার (ডিএসবি) একটি সূত্রের মাধ্যমে খবর আসে, ফরিদগঞ্জের চিহ্নিত

২-এর পাতায় দেখুন

উপজেলা বিএনপি নেতার আপত্তি

হাইমচরে জাতীয়তাবাদী মুক্তিযোদ্ধা দলের কমিটিতে 'ফ্যাসিবাদের দোসর'

হাইমচর প্রতিনিধি

হাইমচর উপজেলা জাতীয়তাবাদী মুক্তিযোদ্ধা দলের নবগঠিত কমিটি নিয়ে আপত্তি জানিয়েছেন উপজেলা বিএনপির সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক প্রফেসর হারুন অর রশিদ গাজী। তিনি বলেন, নবগঠিত কমিটির বিষয়ে তিনি আগে থেকে অবগত ছিলেন না। কমিটি অনুমোদনের পর বিষয়টি জানতে পারেন। কমিটিতে 'ফ্যাসিবাদের দোসর' রয়েছেন—এমন অভিযোগ জানতে পেরে তিনি কমিটি নিয়ে আপত্তি জানিয়েছেন। প্রফেসর হারুন অর রশিদ গাজী বলেন, কমিটি গঠনের আগে সংশ্লিষ্ট নেতাকর্মীদের রাজনৈতিক ভূমিকা ও অতীত কর্মকাণ্ড যথাযথভাবে যাচাই-বাছাই করা প্রয়োজন। নবগঠিত কমিটির সদস্যদের বিষয়ে যাচাই করে বিতর্কিত বা দলের আদর্শবিরোধী ব্যক্তিদের বাদ দিয়ে পুনরায়

২-এর পাতায় দেখুন

চাঁদপুরে জাতীয় পর্যায়ের বাংলাদেশ ফুটবল লীগ

আজ লড়বে মোহামেডান স্পোর্টিং ক্লাব ও ফকিরাপুল ইয়ং মেনস্ ক্লাব

স্টাফ রিপোর্টার

জাতীয় পর্যায়ে বাংলাদেশ ফুটবল লীগের দ্বিতীয় ম্যাচ শুক্রবার চাঁদপুর স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে।

শুক্রবার (২ অক্টোবর) দুপুর আড়াইটায় বাংলাদেশ ফুটবল লীগের ম্যাচে অংশ নিবে শক্তিশালী মোহামেডান স্পোর্টিং ক্লাব ও ফকিরাপুল ইয়ং মেনস্ ক্লাব। বাংলাদেশ ফুটবল ফেডারেশন এর আয়োজকদের সূত্রে জানা গেছে, দুই দলেই দেশের জাতীয় ফুটবল দলের খেলোয়াড় সহ নাইজেরিয়া, নেপাল ও অস্ট্রেলিয়ার ফুটবল খেলোয়াড়রা অংশগ্রহণ করবেন। বাংলাদেশ জাতীয় ফুটবল লীগের প্রথম পর্বের খেলা শুরু হয়েছিল গত ১৮ সেপ্টেম্বর।

২-এর পাতায় দেখুন

কৃষ্ণপুরে হাতুড়ি দিয়ে হামলা মামলায়

রাজু পাটোয়ারী ও মইন গ্রেপ্তার হওয়ায় এলাকাবাসীর স্বস্তি, সুষ্ঠু বিচারের দাবি

মতলব উত্তর প্রতিনিধি

মতলব উত্তর উপজেলার গজরা ইউনিয়নের কৃষ্ণপুর গ্রামে হাতুড়ি দিয়ে হামলা চালিয়ে সাইফুল নামে এক ব্যক্তিকে আহত করার ঘটনায় দায়ের করা মামলায় রাজু পাটোয়ারী ও মইনকে গ্রেপ্তার করেছে পুলিশ। পুলিশ জানায়, হামলার ঘটনায় অভিযোগের ভিত্তিতে তদন্তের পর আসামিদের গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তারের পর তাদের আইনগত প্রক্রিয়ার মাধ্যমে আদালতে পাঠানো হয়েছে। এদিকে, অভিযুক্তদের গ্রেপ্তারের খবরে স্থানীয় এলাকাবাসীর মধ্যে স্বস্তি দেখা দিয়েছে। তারা ঘটনার সুষ্ঠু তদন্ত ও আইনানুগ বিচারের দাবি জানিয়েছেন। গজরা ইউনিয়ন মাদক প্রতিরোধ পরিষদের সদস্যরাও এ ঘটনায় সোচ্চার ভূমিকা পালন করেছেন। তারা মাদক, কিশোর গ্যাং ও অপরাধ প্রতিরোধে স্থানীয়ভাবে সচেতনতা তৈরির পাশাপাশি আইনশৃঙ্খলা রক্ষায় থানা

২-এর পাতায় দেখুন

স্থান পরিবর্তন
পুরাতন ঠিকানা
নতুন বাজার মোড়, চাঁদপুর।
নতুন ঠিকানা
বিদ্যুৎ অফিসের অপর পাশে, নতুনবাজার, চাঁদপুর।
নিউ ক্যাফে ঝীল হোটেল এন্ড রেষ্টুরেন্ট
মোবাইল : ০১৮১৯-১৪২০২৫, ০১৭৩৪-৮৩৫২০৪

মোঃ সালাউদ্দিন (জসিম)
প্রোপ্রাইটর
মেসার্স সালাউদ্দিন এন্টারপ্রাইজ
সকল প্রকার সেনিটারী, ইলেকট্রিক, হার্ডওয়্যার মালামাল খুচরা ও পাইকারী বিক্রয় করা হয়।
টেকনো হান্নান কমপ্লেক্সের বিপরীত পাশে, হাজী মহসীন রোড, চাঁদপুর।
মোবাইল : ০১৬৪৮০১৩২৫৬, ০১৭৩০৭৪০৭৭৮

দৈনিক
চাঁদপুর দিগন্ত
The Daily Chandpur Diganta
সত্য প্রকাশে অবিচল
শুক্রবার ২ অক্টোবর ২০২৬, ১৭ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ, ১৯ রবিঃ সানি ১৪৪৮ হিজরী

EMC English & Maths Care
আপনার সন্তানকে একাডেমিক ও ক্যারিয়ারে এগিয়ে রাখবে
Spoken English
Kids Spoken & Phonetics:
★ Kids Spoken Level 01: KG to Class Two
★ Kids Spoken Level 02: Class Two to Five
★ Spoken English: Class Six to Nine
★ Professional Spoken
★ One to one Communicative English
★ Academic English Writing With Grammar
৫৯, হাজী মহসিন রোড, ঢাকা কনফেকশনারির বিপরীত পার্শ্বে, স্পোর্টস গ্যালারির সাথেই নিচতলায়, চাঁদপুর।
01974-924300

সৌদি প্রবাসীদের সতর্ক করল বাংলাদেশ দূতাবাস

দিগন্ত ডেস্ক

সৌদি আরবে অবস্থানরত প্রবাসীদের স্থানীয় আইন মেনে চলার পাশাপাশি সামাজিক যোগাযোগমাধ্যম ব্যবহারে সতর্ক থাকার আহ্বান জানিয়েছে রিয়াদস্থ বাংলাদেশ দূতাবাস। একইসঙ্গে ডিপ্লোম্যাটিক কোয়ার্টার ও দূতাবাস এলাকার আশপাশে অযথা ঘোরাফেরা না করতেও বিশেষভাবে পরামর্শ দেওয়া হয়েছে।

বৃহস্পতিবার রিয়াদে অবস্থিত বাংলাদেশ দূতাবাসের দেওয়া এক বিশেষ বিজ্ঞপ্তিতে এসব বিষয়ে প্রবাসীদের সতর্ক করা হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, সৌদি আরবে ● ২-এর পাতায় দেখুন

চাঁদপুরে প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের সঙ্গে জেলা প্রশাসকের মতবিনিময় সভা

স্টাফ রিপোর্টার

চাঁদপুর সদর উপজেলাধীন প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের সঙ্গে মতবিনিময় সভা করেছেন চাঁদপুরে জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান।

বৃহস্পতিবার (১ অক্টোবর) দুপুরে চাঁদপুর সদর উপজেলা মিলনায়তনে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে জেলা প্রশাসক ১৭২টি শিক্ষা প্রতিষ্ঠানে ক্রীড়া সামগ্রী বিতরণ করেন। এ ছাড়াও হাই স্কুল পর্যায় ১০টি শিক্ষা প্রতিষ্ঠানে ১০০টি দাবা বোর্ড বিতরণসহ মেধাবী শিক্ষার্থীদের হাতে এক বছরের জন্য বই ও শিক্ষা সামগ্রী তুলে দেন।

সদর উপজেলার নির্বাহী কর্মকর্তা (ইউএনও) এসএমএন জামিউল হিকমার সভাপতিত্বে এ সময় বক্তব্য রাখেন উপজেলা শিক্ষা কর্মকর্তা মো. আবু সাঈদ চৌধুরী, প্রাথমিক পর্যায় জেলার শ্রেষ্ঠ প্রধান শিক্ষক হোসনে আরা প্রমুখ।

পরে প্রধান অতিথি সাঁতার প্রশিক্ষণ উদ্বোধন করেন। সাঁতার প্রশিক্ষণে ১৫ জন কিশোর কিশোরী অংশ নেয়। একই সঙ্গে তিনি সদর উপজেলা প্রাঙ্গনে বৃক্ষরোপণ করেন।

এ সময় ইউএনও এসএমএন জামিউল হিকমা, উপজেলার স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. রফিকুল হাসান ফয়সালসহ সংশ্লিষ্ট শিক্ষা বিভাগের কর্মকর্তা, বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক এবং অন্যান্য অতিথিরা উপস্থিত ছিলেন।

বিদ্যালয়গুলোর শিক্ষার মানোন্নয়ন, শিক্ষার্থীদের নিয়মিত উপস্থিতি নিশ্চিতকরণ, সহশিক্ষা কার্যক্রম জোরদার এবং বিদ্যালয়ের সার্বিক পরিবেশ উন্নয়নসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে মতবিনিময় ● ২-এর পাতায় দেখুন

শ্রীলঙ্কাকে উড়িয়ে ফাইনালে ভারত, প্রতিপক্ষ পাকিস্তান

দিগন্ত ডেস্ক

এশিয়ান গেমস ক্রিকেটে পুরুষ বিভাগের ফাইনালে মুখোমুখি হবে দুই চিরপ্রতিদ্বন্দ্বী ভারত ও পাকিস্তান।

বৃহস্পতিবার টুর্নামেন্টের দ্বিতীয় সেমিফাইনালে ভারত ১২৪ রানের বড় ব্যবধানে হারিয়েছে শ্রীলঙ্কাকে। এর আগে প্রথম সেমিফাইনালে বাংলাদেশকে ৬ উইকেটে হারিয়ে ফাইনাল নিশ্চিত করে পাকিস্তান।

শনিবার নিশানের করোগি স্পোর্টস পার্কে স্বর্ণ পদক জয়ের লড়াইয়ে ফাইনালে লড়বে ভারত ও পাকিস্তান। একই দিন ব্রোঞ্জ পদকের লড়াইয়ে শ্রীলঙ্কার মুখোমুখি হবে বাংলাদেশ। ভারত-পাকিস্তান ● ২-এর পাতায় দেখুন

দুবাইয়ে মেনা হায়ার এডুকেশন লিডারশিপ ফোরামে বৈশ্বিক উচ্চশিক্ষা নেতাদের সঙ্গে ড. মো. সবুর খান

দিগন্ত ডেস্ক

ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির (ডিআইইউ) প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান এবং ড্যাফোডিল গ্রুপের চেয়ারম্যান ড. মো. সবুর খান সংযুক্ত আরব আমিরাতের দুবাইয়ে অনুষ্ঠিত ৭ম 'মেনা হায়ার এডুকেশন লিডারশিপ ফোরাম ২০২৬'-এ বিশিষ্ট বক্তা হিসেবে অংশগ্রহণ করেছেন। ২৮ থেকে ৩০ সেপ্টেম্বর দুবাইয়ের কেম্পিনস্কি সেন্ট্রাল অ্যাভিনিউয়ে অনুষ্ঠিত এ ফোরামে উচ্চশিক্ষা, সরকার, শিল্প ও আন্তর্জাতিক সংস্থার প্রতিনিধিরা অংশ নেন। বৈশ্বিক চ্যালেঞ্জ মোকাবিলা, কর্মসংস্থানের জন্য শিক্ষার্থীদের প্রস্তুত করা এবং সামাজিক প্রভাব তৈরিতে উচ্চশিক্ষার ভূমিকা নিয়ে ফোরামে আলোচনা হয়।

সেন্টার ফর লার্নিং ইনোভেশনস অ্যান্ড কাস্টমাইজড নলেজ সলিউশন্স (ক্লিকস) আয়োজিত এ ফোরামের প্রতিপাদ্য ছিল 'বৈশ্বিক চ্যালেঞ্জ, স্থানীয় প্রভাব: একটি সহনশীল ভবিষ্যৎ ● ২-এর পাতায় দেখুন

ফরিদগঞ্জের নবাগত ইউএনও মো. মেহেদী হাসান মানিকের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ ও মতবিনিময় করছেন সাবেক সংসদ সদস্য লায়ন মো. হারুনুর রশিদসহ অন্যান্য নেতৃবৃন্দ।

ফরিদগঞ্জে নবাগত ইউএনওর সঙ্গে সাবেক এমপির সৌজন্য সাক্ষাৎ ও মতবিনিময়

ফরিদগঞ্জ প্রতিনিধি

ফরিদগঞ্জে নবযোগদানকৃত উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. মেহেদী হাসান মানিকের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ ও মতবিনিময় করেছেন বিএনপির জাতীয় নির্বাহী কমিটির ব্যাংকিং ও রাজস্ব বিষয়ক সম্পাদক এবং সাবেক সংসদ সদস্য লায়ন মো. হারুনুর রশিদ।

বৃহস্পতিবার (১ অক্টোবর) বিকেলে উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ে এই সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠিত হয়।

সাক্ষাৎকালে সাবেক সংসদ সদস্য লায়ন মো. হারুনুর রশিদ নবাগত ইউএনওকে ফরিদগঞ্জে স্বাগত জানান এবং উপজেলার সার্বিক উন্নয়ন, আইনশৃঙ্খলা পরিস্থিতি রক্ষা ও সর্বসাধারণের প্রশাসনিক সেবা নিশ্চিত করার বিষয়ে আলোচনা করেন। এ সময় সরকারের নানামুখী উন্নয়নমূলক কর্মকাণ্ড ও ইতিবাচক সামাজিক কর্মসূচিতে বিএনপির সহযোগিতামূলক অংশগ্রহণের বিষয়টিও তুলে ধরেন তিনি।

মতবিনিময়কালে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন ফরিদগঞ্জ উপজেলা যুবদলের সাবেক আহ্বায়ক নাছির পাটওয়ারী, উপজেলা ● ২-এর পাতায় দেখুন

শাহরাস্তিতে কৃষকদের মাঝে ৬৭টি কৃষি যন্ত্র বিতরণ

শাহরাস্তি প্রতিনিধি

কুমিল্লা অঞ্চলে টেকসই কৃষি প্রযুক্তি সম্প্রসারণ প্রকল্প'-এর আওতায় শাহরাস্তি উপজেলায় কৃষক গ্রুপের মাঝে আধুনিক কৃষি যন্ত্রপাতি বিতরণ করা হয়েছে।

বুধবার (৩০ সেপ্টেম্বর) উপজেলা কৃষি অফিসারের কার্যালয়ে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে এ কর্মসূচি অনুষ্ঠিত হয়।

উপজেলা কৃষি অফিসার ড. মো: সাজ্জাদুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপজেলা নির্বাহী অফিসার মনিরা খাতুন।

আধুনিক কৃষি যন্ত্রপাতি বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপজেলা নির্বাহী অফিসার মনিরা খাতুন।

অনুষ্ঠানে বিভিন্ন কৃষক গ্রুপের হাতে মোট ৬৭টি যন্ত্র তুলে দেওয়া হয়। এর মধ্যে রয়েছে ৪টি বেড প্ল্যান্টার, ৯টি পাওয়ার থ্রেসার, ৮টি রিপার, ৪টি ভুট্টা মাড়াই যন্ত্র, ৯টি এলএলপি ও ফিতা পাইপ, ৯টি ফুট পাম্প এবং ২৪টি হ্যান্ড স্প্রেয়ার।

প্রধান অতিথির বক্তব্যে মনিরা খাতুন বলেন, "কৃষি আমাদের অর্থনীতির প্রাণ। কৃষকের শ্রম ও ঘামের ওপর ভর করেই দেশের খাদ্যনিরাপত্তা টিকে আছে। সেই কৃষিকে টেকসই ও লাভজনক করতে হলে আধুনিক প্রযুক্তির বিকল্প নেই। তিনি বলেন, "এসব যন্ত্র ● ২-এর পাতায় দেখুন

গাজায় ইসরাইলি হামলায় নিহত বেড়ে ৭৪০৪০

চাঁদপুর দিগন্ত ডেস্ক

ফিলিস্তিনি অবরুদ্ধ গাজায় ২০২৩ সালের অক্টোবরে গণহত্যামূলক যুদ্ধ শুরুর পর থেকে ইসরাইলের হামলায় ৭৪ হাজার ৪০ ফিলিস্তিনি নিহত এবং আরো এক লাখ ৭৫ হাজার ১৬৮ জন আহত হয়েছেন। গাজার স্বাস্থ্য মন্ত্রণালয় এ তথ্য জানিয়েছে।

মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, গত ২৪ ঘণ্টায় গাজা উপত্যকায় ইসরাইলি হামলায় আটজন নিহত এবং ২৬ জন আহত হয়েছেন।

মন্ত্রণালয় জানিয়েছে, অক্টোবরে 'যুদ্ধবিরতি' কার্যকর হওয়ার পর থেকে এখন পর্যন্ত এক হাজার ৪৩৯ জন নিহত এবং আরো পাঁচ হাজার ৫২ জন আহত হয়েছেন। সূত্র : আল জাজিরা

চ্যানেল আই'র ২৮তম বর্ষপূর্তি উদযাপন উপলক্ষে কেক কাটছেন চাঁদপুর প্রেস ক্লাবের সভাপতি সোহেল রুশদীসহ অতিথিবৃন্দ

চাঁদপুরে চ্যানেল আই এর জন্মবার্ষিকী পালিত

শহর প্রতিনিধি

চাঁদপুরে বেসরকারী জনপ্রিয় চ্যানেল আই এর ২৮তম জন্মবার্ষিকী উপলক্ষে কেক কাটা, আলোচনা সভা, বৃক্ষরোপন, চারা বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

সুন্দর প্রকাশে চ্যানেল আই' এই স্লোগানকে ধারণ করে নানা আয়োজনের মধ্য দিয়ে চাঁদপুরে বেসরকারি টেলিভিশন চ্যানেল আইয়ের ২৮তম জন্মবার্ষিকী উদযাপিত হয়েছে। ১ অক্টোবর (বৃহস্পতিবার) চাঁদপুর সদর উপজেলার বাবুরহাট স্কুল এন্ড কলেজ মিলনায়তনে কেক কাটা ও আলোচনা সভায় সভাপতির বক্তব্য রাখেন চাঁদপুর ● ২-এর পাতায় দেখুন

পুরাণবাজারে শহীদ জিয়া কাপ ফুটবল টুর্ণামেন্টের ফাইনাল অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছেন চাঁদপুর পৌরসভার মেয়র প্রার্থী আলহাজ্ব মো. মোশারফ হোসাইন।

শহীদ জিয়া কাপ ফুটবল টুর্ণামেন্টের ফাইনাল

তরুণদের মাদক ও সামাজিক অবক্ষয় থেকে দূরে রাখতে খেলাধুলার বিকল্প নেই

-------আলহাজ্ব মোঃ মোশাররফ হোসাইন

স্টাফ রিপোর্টার

চাঁদপুর শহরের পুরান বাজারে উৎসবমুখর আয়োজনে 'শহীদ জিয়া কাপ ফুটবল টুর্নামেন্ট-২০২৬' ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার (১ অক্টোবর) বিকেলে পুরান ● ২-এর পাতায় দেখুন

জেলা রিকশা মালিক সমিতির মতবিনিময় সভা

স্টাফ রিপোর্টার

পুলিশ প্রশাসনের হয়রানিমূলক রিকশা আটক বিষয়ে চাঁদপুর জেলা রিকশা মালিক সমিতির মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। ১ সেপ্টেম্বর বৃহস্পতিবার বিকাল সাড়ে ৩টায় চাঁদপুর পৌরসভার নতুন বাজার শহীদ জাবেদ সড়কে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। মতবিনিময় সভায় রিকশা শ্রমিক'রা জানায়, আমরা যাত্রী নেওয়ার পথে, রিকশা ● ২-এর পাতায় দেখুন

চাঁদপুর জেলা রিকশা মালিক সমিতির মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন চাঁদপুর জেলা শ্রমিক দলের সভাপতি মাহবুবুর রহমান ছৈয়াল।

ফরিদগঞ্জের নবাগত ইউএনও মো. মেহেদী হাসান মানিককে ফুলেল শুভেচ্ছা জানাচ্ছেন ইউপি হিসাব সহকারী অ্যাসোসিয়েশনের (বাপাকা) নেতৃবৃন্দ।

ফরিদগঞ্জের নবাগত ইউএনওকে ইউপি হিসাব সহকারী অ্যাসোসিয়েশনের ফুলেল শুভেচ্ছা

ফরিদগঞ্জ প্রতিনিধি

ফরিদগঞ্জ উপজেলার নবনিযুক্ত উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. মেহেদী হাসান মানিককে বাংলাদেশ ইউনিয়ন পরিষদ হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটর অ্যাসোসিয়েশন (বাপাকা) ফরিদগঞ্জ শাখা ও জেলা কমিটির পক্ষ থেকে সৌজন্য সাক্ষাৎ ও ফুলেল শুভেচ্ছা জানানো হয়েছে।

বৃহস্পতিবার (১ অক্টোবর) বিকেলে উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ে এ ফুলেল শুভেচ্ছা ও সৌজন্য বিনিময় অনুষ্ঠিত ● ২-এর পাতায় দেখুন

পাহাড়ের চক যুব কল্যাণ ও ক্রীড়া সংগঠনের কমিটি অনুমোদন

মতলব উত্তর প্রতিনিধি

মতলব উত্তর উপজেলার সামাজিক, অরাজনৈতিক ও অলাভজনক স্বেচ্ছাসেবী সংগঠন 'পাহাড়ের চক যুব কল্যাণ ও ক্রীড়া সংগঠন'-এর আগামী ১ (এক) বছরের (২০২৬২০২৭ খ্রি.) জন্য নতুন উপদেষ্টা পরিষদ ও পূর্ণাঙ্গ কার্যনির্বাহী কমিটি অনুমোদন দেয়া হয়েছে।

১ অক্টোবর (বৃহস্পতিবার) এই কমিটি অনুমোদন দেয়া হয়। অনুমোদিত নতুন কমিটির মেয়াদ ১ অক্টোবর ২০২৬ হতে ৩০ সেপ্টেম্বর ২০২৭ পর্যন্ত ১ (এক) বছর কার্যকর থাকবে। প্রকাশিত প্রজ্ঞাপনে সংগঠনটির প্রধান উপদেষ্টা হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন মোহাম্মদ ইসহাক ফারুকী। এছাড়া সভাপতি হিসেবে মোঃ জামাল শিকদার এবং সাধারণ সম্পাদক হিসেবে ইঞ্জি. মোঃ সাইফুল ইসলাম নোমান, প্রতিষ্ঠাতা ● ২-এর পাতায় দেখুন

প্রতি শুক্রবার বিশেষজ্ঞ ডাক্তারগণের চেম্বার

ডাঃ নুসরাত জাহান (রুম্পা)
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এফসিপিএস (গাইনী এন্ড অবস্)
ডিজিও, এমসিপিএস (গাইনী এন্ড অবস্)
সিসিডি (বারডেম), বিএমডিসি রেজি নং : এ-৬২৪৮৩
গাইনী বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল
গাইনী, প্রসূতি, স্ত্রীরোগ, বন্ধ্যাত্ব ও নিঃসন্তান দম্পতির বিশেষজ্ঞ চিকিৎসক ও সার্জন
রোগী দেখার সময় ঃ প্রতি শুক্রবার সকাল ১০টা - রাত ৮টা

ডাঃ মোঃ রাশেদুল হাসান
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
এমসিপিএস (মেডিসিন), এমআরসিপি (ইউকে)
এমডি (গ্যাস্ট্রোএন্টারোলজী)
স্যার সলিমুল্লাহ্ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল, ঢাকা
BMDC Reg No : A-71474
মেডিসিন, পরিপাকতন্ত্র ও লিভার বিশেষজ্ঞ
রোগী দেখার সময় ঃ শুক্রবার সকাল ৯ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত।

সহকারী অধ্যাপক
ডাঃ সাইফুল ইসলাম খাঁন
এমবিবিএস (ঢাকা) বিসিএস (স্বাস্থ্য)
এমএস (অর্থোপেডিক্স)
জাতীয় অর্থোপেডিক্স হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর)
পঙ্গু হাসপাতাল, ঢাকা (এক্স)
অর্থোপেডিক্স বিভাগ
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
বিএমডিসি রেজিঃ নং- এ ৪৮৬২৩
হাড় জোড়া, বিকলাঙ্গ, বাত ব্যাথা, ট্রমা, মেরুদন্ড, স্পাইন রোগ বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখার সময় : শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।

সহকারী অধ্যাপক
ডাঃ মোঃ মিজানুর রহমান
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
এম.এস (ই.এন.টি)
আর.এম.ও (রেজিস্ট্রার)
নাক, কান, গলা বিভাগ
স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল, ঢাকা
বিএমডিসি রেজি নং- এ-৫২৩২৫
নাক, কান, ও গলা রোগ বিশেষজ্ঞ এবং হেড-নেক সার্জন
রোগী দেখার সময় ঃ প্রতি শুক্রবার সকাল ১০টা - সন্ধ্যা ৬টা

সহকারী অধ্যাপক
ডাঃ এইচ এম হাসান ইমাম (সানি)
এমবিবিএস (সিইউ), এমএস (ইউরোলজি)
ইউরোলজি বিভাগ
সেন্ট্রাল মেডিকেল কলেজ ও হাসপাতাল, কুমিল্লা
BMDC Reg No : A-73684
কিডনী, প্রস্টেট, মুত্রথলি, মুত্রনালী, পুরুষ প্রজননতন্ত্র রোগ বিশেষজ্ঞ ও সার্জন
বৃহস্পতি ও শুক্রবার সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।

ডাঃ সাদ্দাম হোসেন তালুকদার
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এফসিজিপি (ফ্যামিলি মেডিসিন) পিজিটি (রেসপেরটরি মেডিসিন)
জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা।
এক্স মেডিকেল অফিসার, মুগদা মেডিকেল কলেজ ও হাসপাতাল, ঢাকা।
বিএমডিসি রেজি নং : এ- ৮২৯১৭
মেডিসিন, হৃদরোগ, বক্ষব্যধি, ডায়াবেটিক, বাতজ্বর, এ্যাজমা, এলার্জি ও প্যারালাইসিস রোগের অভিজ্ঞ চিকিৎসক
প্রতি শুক্রবার সকাল ১০টা - রাত ৮টা

দি হিলশা মেডিকেল এন্ড ডায়াগনস্টিক সেন্টার
একটি মাল্টিকেয়ার হাসপাতাল
কুমিল্লা রোড, হাকিম প্লাজা সংলগ্ন উত্তর গেইট পশ্চিম পার্শ্ব, চাঁদপুর।
সিরিয়ালের জন্য : 01818-898356, 01711-621401

চাঁদপুরে ওয়াপদা গেইট হতে ইয়াবাসহ ৪ মাদক কারবারী আটক

শহর প্রতিনিধি

চাঁদপুর শহরের ১৩নং ওয়ার্ডের ওয়াপদা গেইটের খলিশাডুলি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সামনের মাঠ এলাকা হতে ৪ মাদক কারবারীকে আটক করেছে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।

৩০ সেপ্টেম্বর বুধবার রাতে এ তথ্য নিশ্চিত করেন জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপপরিদর্শক মো: সোহেল রানা।

তিনি জানান, চাঁদপুর জেলা শহরের খলিশাডুলি স্কুল মাঠ হতে মোঃ নাছির প্রধানীয়া ও নাছিমা বেগমের ছেলে মোঃ ইমরান প্রধানীয়া (২৮), সৈয়দ আহম্মেদ ও বেবি বেগমের ছেলে মোঃ রাকিব হোসেন (২৮), সোবহান বেপারী ও রেহেনা বেগমের ছেলে জহিরুল ইসলাম স্বাধীন (২৯) এবং মৃত হাজী মোহাম্মদ বিল্লাল হোসেন মজুমদার ও রাবেয়া বেগমের ছেলে মোঃ জিহাদ হোসেন (২৬) কে গত ২৮ সেপ্টেম্বর আটক করা হয়। এদের থেকে একটি স্বচ্ছ জিপারযুক্ত পলি প্যাকেটে কমলা বর্ণের মিথাইল অ্যামফিটামিনযুক্ত ইয়াবা ট্যাবলেট ৪০ পিস পাওয়া যায়। তিনি আরও জানান, এদের বিরুদ্ধে গৃহীত ● ২-এর পাতায় দেখুন

চাঁদপুর স্পেশালাইজড হসপিটাল (প্রাঃ) লিঃ
৪৪, ঢালী প্লাজা, স্টেডিয়াম রোড (আবুলের দোকান সংলগ্ন), চাঁদপুর।
01897-699100, 01768-860900, 01600-368609
বিশেষজ্ঞ ডাক্তারগণ
২৪ ঘন্টা সার্ভিস

সহকারি অধ্যাপক ডা. মুহাম্মদ আসিফ ইকবাল
মেডিসিন, নিউরো মেডিসিন, হৃদরোগ, বাতজ্বর বক্ষব্যাধি, লিভার ও ডায়াবেটিস রোগ বিশেষজ্ঞ।
রোগী দেখেন: মঙ্গলবার, দুপুর ২.৩০টা-রাত ৮টা পর্যন্ত। শুক্রবার, সকাল ১১টা-বিকাল ৩টা পর্যন্ত।

ডা. আয়েশা আফরোজ (লুনা)
গাইনী, স্ত্রী, প্রসূতি, স্তন (ব্রেস্ট), নিঃসন্তান দম্পতি বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখেন: রবিবার ও বৃহস্পতিবার দুপুর ২:৩০ টা - সন্ধ্যা ৭টা পর্যন্ত।

ডা. ওমর ফারুক (সবুজ)
নাক, কান, গলা রোগ বিশেষজ্ঞ ও হেড-নেক সার্জন
রোগী দেখেন: প্রতি রবি ও বৃহস্পতিবার, দুপুর ২টা থেকে রাত ৮টা পর্যন্ত। শুক্রবার, বিকাল ৪টা থেকে রাত ৮টা পর্যন্ত।

ডা. মোঃ জাকির হোসেন (মানিক)
কিডনী, কিডনী নালী, মূত্রনালী, প্রোস্টেট, ব্রেস্ট, পাইলস, পুরুষ বন্ধ্যাত্ব ও যৌন দুর্বলতা, ইউরোলজী, এন্ডোলজী, ল্যাপারোস্কপিক বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখেন: প্রতি বুধবার, বিকাল ৪টা থেকে রাত ১০টা পর্যন্ত।

ডা. মোঃ নাজমুল হাসান
নবজাতক ও শিশু-কিশোর রোগ বিশেষজ্ঞ
রোগী দেখেন: প্রতিদিন, দুপুর ২.৩০ থেকে বিকাল ৫টা রাত ৮টা থেকে রাত ১০টা (শুক্রবার বন্ধ)

ডা. নূর হোসাইন বান্না
হাড় জোড়া, হাড়-ভাঙ্গা, বাত ব্যাথা, পঙ্গুরোগ, এক্সিডেন্ট ও ট্রমা সার্জারী বিশেষজ্ঞ ও সার্জন।
রোগী দেখেন: প্রতি সোমবার, বিকাল ৪:৩০টা থেকে রাত ১০টা পর্যন্ত।

ডা. জান্নাতুল লুবা বিনতে ইসলাম (লিসা)
হার্নিয়া হাইড্রোসিল, এপেন্ডিসাইটিস, টিউমার স্তনের রোগ পাইলস, ফিস্টুলা, এনালফিসার সহ মলদ্বারের বিভিন্ন রোগের চিকিৎসক ও সার্জন
রোগী দেখেন: প্রতি শুক্রবার, সকাল ১০টা থেকে রাত ৮টা পর্যন্ত।

ডাঃ জি.এম. ইশতিয়াক মাহমুদ
সার্জারী বিশেষজ্ঞ
রোগী দেখেন: প্রতিদিন, দুপুর ২.৩০টা-রাত ৮টা পর্যন্ত। (শুক্রবার বন্ধ)

আমাদের সেবা সমূহ
এনআইসিইউ • পিআইসিইউ • সেন্ট্রাল অক্সিজেন

উপদেষ্টা সম্পাদক ঃ অধ্যক্ষ মুহাম্মদ মাহবুবুর রহমান, সম্পাদক ও প্রকাশক ঃ এ্যাডভোকেট মোঃ শাহজাহান মিয়া, নির্বাহী সম্পাদক ঃ মুহাম্মদ ইলিয়াছ পাটওয়ারী, যুগ্ম সম্পাদক : আব্দুস শুকুর মস্তান, ব্যবস্থাপনা সম্পাদক ঃ এ্যাডভোকেট শাহজাহান খান, যুগ্ম বার্তা সম্পাদক ঃ আদনান আল মুরাদ, মফস্বল সম্পাদক ঃ এম এ গফুর, বিশেষ প্রতিনিধি ঃ আবু সুফিয়ান ভুইয়া, আইটি ইনচার্জ ঃ জি এম এমরান হোসেন সম্পাদক ও প্রকাশক কর্তৃক মিয়াজী ম্যানশন (৩য় তলা), নতুনবাজার, চাঁদপুর থেকে প্রকাশিত, সিরাজ অফসেট প্রেস কুমিল্লা রোড, চাঁদপুর থেকে মুদ্রিত। অফিস- মিয়াজী ম্যানশন (৩য় তলা), নতুনবাজার, চাঁদপুর; ফোনঃ ০৮৪১-৬৭০৫৭ মোবাইল : ০১৭১২০৫০৩৪০, ০১৭১৫৯২৪৩০৮, ই-মেইল : digantachandpur@gmail.com, dailydiganta@gmail.com ওয়েব সাইট : www.chandpurdiganta.com

দৈনিক চাঁদপুর দিগন্ত
শুক্রবার ॥ ২ অক্টোবর ২০২৬

সম্পাদকীয়

সাইবার সুরক্ষা আইন মতপ্রকাশের স্বাধীনতা সংকুচিত করা যাবে না

সাইবার অপরাধ মোকাবিলা এবং অনলাইন পরিসরে নাগরিকদের নিরাপত্তা নিশ্চিত করতে কার্যকর আইনের প্রয়োজন অস্বীকার করার সুযোগ নেই। কিন্তু সেই আইনের ভাষা যদি অস্পষ্ট হয়, অপরাধের সংজ্ঞা যদি সুনির্দিষ্ট না থাকে এবং আইন প্রয়োগকারী সংস্থাকে মাত্রাতিরিক্ত ক্ষমতা দেওয়া হয়, তাহলে সেই আইন মানুষের অধিকার ও স্বাধীনতার জন্য বড় হুমকি হয়ে উঠতে পারে। প্রস্তাবিত সাইবার সুরক্ষা আইনের সংশোধনী নিয়ে গণমাধ্যমসংশ্লিষ্ট ব্যক্তিদের উদ্বেগকে তাই সর্বোচ্চ গুরুত্ব দিয়ে বিবেচনা করতে হবে। বাংলাদেশে ডিজিটাল পরিসরসংক্রান্ত আইন নিয়ে অতীত অভিজ্ঞতা সুখকর নয়। ডিজিটাল নিরাপত্তা আইন এবং পরবর্তী সাইবার নিরাপত্তা আইনের বিভিন্ন ধারা সাংবাদিক, লেখক, গবেষক, মানবাধিকারকর্মী ও সাধারণ নাগরিকের বিরুদ্ধে ব্যবহৃত হয়েছে। মামলার ভয়, গ্রেপ্তার এবং দীর্ঘ আইনি প্রক্রিয়া মতপ্রকাশের ক্ষেত্রে একধরনের ভীতিকর পরিবেশ তৈরি করেছিল। আইন পরিবর্তনের পরও সেই অভিজ্ঞতা ও আশঙ্কা পুরোপুরি দূর হয়নি। এখন নতুন সংশোধনীর মধ্য দিয়ে আগের বিতর্কিত বিধান কোনোভাবে ফিরে এলে তা হবে অত্যন্ত উদ্বেগজনক। সরকার বলছে, গণমাধ্যমকে লক্ষ্য করে আইনটি করা হচ্ছে না এবং কোনো সাংবাদিক এর অপপ্রয়োগের শিকার হোন, সেটিও তারা চায় না।

সৌদি প্রবাসীদের সতর্ক করল

অবস্থানরত প্রবাসী বাংলাদেশিদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সৌদি আইন ও সামাজিক শান্তি-শৃঙ্খলা পরিপন্থি কিংবা বিরোধী যে কোনো কর্মকাণ্ড থেকে বিরত থাকা বাধ্যতামূলক। এ জন্য নিচের বিষয়সমূহ কঠোরভাবে মেনে চলার জন্য বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

ভিডিও ধারণ ও ছবি তোলার বিষয়ে সতর্ক করে দূতাবাস বলেছে, সংরক্ষিত এলাকা বা স্থাপনা, সংবেদনশীল ঘটনা বা বিষয় এবং অপ্রয়োজনীয় যে কোনো ছবি তোলা বা ভিডিও ধারণ করা সম্পূর্ণ নিষিদ্ধ।

সামাজিক যোগাযোগমাধ্যম ব্যবহারের বিষয়ে বলা হয়, ফেসবুক, ইউটিউব, এক্স (টুইটার) ইত্যাদিতে স্থানীয় আইন, জননিরাপত্তা বা জনশৃঙ্খলার বিরোধী কোনো বিষয়বস্তু প্রকাশ, প্রচার, সংরক্ষণ, আদান-প্রদান এবং এতে লাইক, কমেন্ট বা শেয়ার করা থেকে বিরত থাকুন।

একই সঙ্গে ডিপ্লোম্যাটিক কোয়ার্টার ও দূতাবাস এলাকা অযথা ঘোরাফেরা না করার পরামর্শ দিয়ে দূতাবাস জানিয়েছে, বাংলাদেশ দূতাবাসে সেবা গ্রহণের পূর্বে বা পরে দূতাবাসের ভেতরে, বাইরে কিংবা আশেপাশের এলাকায় উদ্দেশ্যহীনভাবে ঘোরাফেরা করা এবং অনুমতি ব্যতীত ছবি তোলা বা ভিডিও ধারণ করা সম্পূর্ণ নিষিদ্ধ।

প্রবাসীদের উদ্দেশে কড়া সতর্কতা দিয়ে বাংলাদেশ দূতাবাস বলেছে, উপরের নির্দেশনা অমান্য করা স্থানীয় সৌদি আইনে দণ্ডনীয় অপরাধ।

সকলের সচেতনতা কামনা করে দূতাবাস আরও জানায়, সকল প্রবাসীর দায়িত্বশীল আচরণ, সচেতনতা এবং সৌদি আইনের প্রতি শ্রদ্ধা প্রদর্শন একদিকে যেমন নিরাপদ ও সুশৃঙ্খল প্রবাসজীবন নিশ্চিত করবে, অন্যদিকে সৌদি আরবে বাংলাদেশের ভাবমূর্তি সমুন্নত রাখবে।

চাঁদপুরে প্রাথমিক বিদ্যালয়ের

করা হয়। প্রধান অতিথি বলেন, শিক্ষার্থীদের মেধা বিকাশের পাশাপাশি শারীরিক ও মানসিক বিকাশেও খেলাধুলার গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। বিদ্যালয়ে নিয়মিত ক্রীড়া ও সাংস্কৃতিক কার্যক্রম পরিচালনার মাধ্যমে শিক্ষার্থীদের সুস্থ, সৃজনশীল ও আত্মবিশ্বাসী হিসেবে গড়ে তুলতে হবে। প্রতি বৃহস্পতিবার বিদ্যালয় আঙ্গিনাকে পরিষ্কার পরিচ্ছন্ন করতে হবে।

শ্রীলঙ্কাকে উড়িয়ে ফাইনালে

ফাইনালকে সামনে রেখে ভক্তদের মাঝে বাড়তি উত্তেজনা বিরাজ করছে। দুই চিরপ্রতিদ্বন্দ্বির লড়াই দেখতে মুখিয়ে আছে দুই দলের ভক্তরা।

দ্বিতীয় সেমিফাইনালে টস হেরে প্রথমে ব্যাট করে নির্ধারিত ২০ ওভারে ৭ উইকেটে ১৬৯ রান করে ভারত। টপ অর্ডারে ওপেনার বৈভব সূর্যবংশী দলের হয়ে সর্বোচ্চ ৩৮ রান করেন। তার ২১ বলের ইনিংসে ৬টি চার ও ২টি ছক্কা ছিল।

মিডল অর্ডারে শ্রীলঙ্কার বোলারদের সামনে দাপট দেখিয়েছেন ইশান কিশান। তার ৪৬ বলে ৮০ রানের ঝড়ো ইনিংসের সুবাদে লড়াকু সংগ্রহ পায় ভারত। অনবদ্য ইনিংসে ৪টি চার ও ৫টি ছক্কা মারেন কিশান।

বোলিংয়ে শ্রীলঙ্কার থারিন্দু রত্নায়েকে ও সাহান আরাচ্চিগে ২টি করে উইকেট নেন।

জবাবে ভারতীয় বোলারদের তোপে ৯ দশমিক ৫ ওভারে মাত্র ৪৫ রানে অলআউট হয় শ্রীলঙ্কা। দলের হয়ে মাত্র একমাত্র নুয়ানিদু ফার্নান্দো দুই অংকের কোটা স্পর্শ করতে সক্ষম হন। ১৫ রান করেন তিনি।

ভারতের জসপ্রিত বুমরাহ-অক্ষর প্যাটেল ও অভিষেক শর্মা ২টি করে উইকেট নেন।

দুবাইয়ে মেনা হায়ার

গঠনে উচ্চশিক্ষার ভূমিকা'। ২৯ সেপ্টেম্বর অনুষ্ঠিত উদ্বোধনী প্যানেল আলোচনায় 'সীমানা পেরিয়ে: কর্মক্ষেত্রের উপযোগিতা ও সামাজিক প্রভাব তৈরিতে একটি সহযোগিতামূলক পরিবেশ গড়ে তোলা' শীর্ষক অধিবেশনে ড. মো. সবুর খান অংশগ্রহণ করেন। অধিবেশনটি সঞ্চালনা করেন ইউনিভার্সিটি অব বার্মিংহাম দুবাইয়ের প্রোভোস্ট অধ্যাপক ইউসরা মুজুগি।

প্যানেল আলোচনায় উচ্চশিক্ষা প্রতিষ্ঠান, শিল্পখাত ও অন্যান্য অংশীজনের মধ্যে সহযোগিতা জোরদার, শিক্ষার্থীদের কর্মক্ষেত্রের জন্য প্রস্তুত করা এবং শিক্ষা ও দক্ষতার মাধ্যমে ইতিবাচক সামাজিক প্রভাব তৈরির বিভিন্ন দিক উঠে আসে। আলোচনায় সংযুক্ত আরব আমিরাতের আমেরিকান ইউনিভার্সিটি অব রাস আল খাইমাহর প্রেসিডেন্ট অধ্যাপক বাসাম আলামেদ্দিন, আজমান ইউনিভার্সিটির চ্যান্সেলর ড. করিম সেগির, মিশরের ব্রিটিশ ইউনিভার্সিটির কর্মসংস্থানবিষয়ক সহযোগী উপাচার্য ও ডিন অধ্যাপক আহমেদ এলসেরাগি, সংযুক্ত আরব আমিরাতের শিক্ষা ও মানব উন্নয়ন এবং শ্রমবাজারবিষয়ক জ্যেষ্ঠ উপদেষ্টা ড. কিনান বাহনাসি এবং ম্যাকগ্র-হিল ইন্টারন্যাশনালের উচ্চশিক্ষা বিভাগের জ্যেষ্ঠ পরিচালক মরওয়েনা ক্র্যাগো অংশ নেন।

আকাবা কম্পিউটার একাডেমী
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অনুমোদিত কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র
প্রতিষ্ঠাকালঃ ২০০৭
প্রতিষ্ঠান কোডঃ ৬৬০৪৮
ইআইআইএনঃ ১৩৫৬৪১
২৫% ছাড়
ভর্তি চলছে!
কম্পিউটার অফিস এপ্লিকেশন ৩/৬ মাস মেয়াদী
কম্পিউটার গ্রাফিক্স ডিজাইন ৩/৬ মাস মেয়াদী
কম্পিউটার হার্ডওয়্যার এন্ড নেটওয়ার্কিং ৩/৬ মাস মেয়াদী
ওয়েব পেজ ডিজাইনিং ৩/৬ মাস মেয়াদী
ফ্রি-ল্যান্সিং
এইচ.এস.সি সিলেবাস অনুযায়ী আইসিটি পড়াই।
অধ্যাপক মিজানুর রহমান ফাহিম
বিপণিবাগ পৌর সুপার মার্কেট
কুমিল্লা রোড, চাঁদপুর,
01712-856510, https://chandpurict.blogspot.com

চাঁদপুরে চ্যানেল আই

প্রেস ক্লাবের সভাপতি সোহেল রুশদী। চ্যানেল আইয়ের চাঁদপুর প্রতিনিধি মোরশেদ আলমের পরিচালনায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাবুরহাট স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ মো: মোশারফ হোসেন।

এসময় আরো বক্তব্য রাখেন ও উপস্থিত ছিলেন, চাঁদপুর ট্রাফিক পুলিশের ইনচার্জ প্রবীর কুমার দাস, আমার চ্যানেল আই দর্শক ফোরাম চাঁদপুর শাখার সভাপতি রোটারিয়ান আব্দুল্লাহ আল মামুন ও সাধারণ সম্পাদক হাফেজ জাকির হোসেন মৃধা, চ্যানেল আই দর্শক ফোরামের প্রচার সম্পাদক জহিরুল ইসলাম সোহেল মৃধা এবং বাবুরহাট স্কুল অ্যান্ড কলেজের সহকারী অধ্যাপক মামুনুর রহমানসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ, শিক্ষক-শিক্ষার্থী ও গণমাধ্যমকর্মীরা।

শাহরাস্তিতে কৃষকদের মাঝে

ব্যবহারে বীজ বপন, ফসল কাটা, মাড়াই, সেচ ও বালাইনাশক স্প্রের কাজ দ্রুত ও কম খরচে করা সম্ভব হবে। এতে সময় ও শ্রম বাঁচবে, উৎপাদন খরচ কমবে এবং ফলন বাড়বে।"

কৃষকদের উদ্দেশে তিনি আরও বলেন, "এই যন্ত্রপাতি সরকারের সম্পদ, যা আপনাদের সবার কল্যাণে দেওয়া হয়েছে। এগুলো যত্নের সঙ্গে ব্যবহার ও নিয়মিত রক্ষণাবেক্ষণ করতে হবে। গ্রুপের প্রত্যেক সদস্য যেন পালাক্রমে যন্ত্রের সুবিধা পান, তা নিশ্চিত করতে হবে।" তিনি আশা প্রকাশ করেন, এ উদ্যোগ শাহরাস্তির কৃষিতে নতুন গতি সঞ্চার করবে।

ফরিদগঞ্জে নবাগত ইউএনওর

বিএনপির সাবেক যুগ্ম আহ্বায়ক মাহফুজুর রহমান টিপু, মহসীন মোল্লা, বিএনপি নেতা মহসীন পাটওয়ারী, ইউপি চেয়ারম্যান জসিম উদ্দিন স্বপন, সাবেক ইউপি চেয়ারম্যান বাছির আহমেদ, হুমায়ুন কবির কাজী, জেলা যুবদলের সদস্য ফজলুর রহমান, সোহেল খান, পৌর যুবদলের সাবেক যুগ্ম আহ্বায়ক শাওন পাঠান, কামরুল হাসান, পৌর স্বেচ্ছাসেবক দলের সাবেক আহ্বায়ক সেলিম রাঢ়ী, উপজেলা ছাত্রদল নেতা রাশেদ, সুজন, মইনউদ্দিন, মনির হোসেন, পৌর ছাত্রদলের আহ্বায়ক আল আমিন মোল্লা, সদস্য সচিব আমজাদ হোসেনসহ বিএনপি এবং তার অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতাকর্মী।

সাক্ষাৎ শেষে উপজেলার বিভিন্ন উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন ও শান্তি-শৃঙ্খলা রক্ষায় স্থানীয় রাজনৈতিক নেতৃবৃন্দ প্রশাসনের সঙ্গে সমন্বিতভাবে কাজ করার আশাবাদ ব্যক্ত করেন।

জেলা রিকশা মালিক

থেকে যাত্রী নামিয়ে আমাদের রিকশা আটক করা হয়। যাত্রী নেওয়ার জন্য রিকশা রাস্তার পাশে রাখলে আমাদের রিকশা আটক করা হয়। আটক কেন করা হয়েছে জানতে চাইলে তারা আমাদের কথার উত্তর না দিয়ে জরিমানার রিসিট ধরিয়ে দেয়।

এছাড়াও আমাদের নির্ধারিত কোন স্ট্যান্ড না থাকায় আমাদেরকে বিভিন্ন ধরনের সমস্যায় পড়তে হয়। দিনে ৫শ টাকা আয় করতে আমাদের মাথার ঘাম পায়ে পড়ে। অথচ ওরা আমাদের রিকশা আটক করে ২ হাজার থেকে ৩ হাজার টাকার বিল ধরিয়ে দেয়।

প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন চাঁদপুর জেলা শ্রমিক দলের সাংগঠনিক সম্পাদক মাহাবুবুর রহমান ছৈয়াল।

রিকশা মালিক সমিতির সদস্য হারুন অর রশিদ এর সভাপতিত্বে বক্তব্য রাখেন রিকশা মালিক সমিতির সাংগঠনিক সম্পাদক মোঃ জাফর গাজী, দপ্তর সম্পাদক শাহরিয়ার আলম (জসিম) পাটওয়ারী, প্রচার সম্পাদক জসিম শেখ, ক্রীড়া সম্পাদক মিজানুর রহমান গাজী, সাংস্কৃতিক সম্পাদক কার্তিক দত্ত, কার্যনির্বাহী সদস্য মিন্টু বেপারি, খোরশেদ গাজী, রাধা চন্দ্র সেন। এসময় কার্যকরি কমিটির ১৩ জন সদস্যের মধ্যে ৮জন সদস্য উপস্থিত হয়। উপস্থিত সদস্যরা এক হয়ে বর্তমান মেয়াদোত্তীর্ণ কার্যকরি কমিটি ভেঙে দিয়ে নতুন করে কমিটি গঠনের পক্ষে মত দেন।

পাহাড়ের চক যুব কল্যাণ

মোঃ এমদাদুল হক জামিল, অর্থ সম্পাদক মোঃ হুমায়ুন আহমেদ মনোনীত হয়েছেন।

সংগঠনের নেতৃবৃন্দ আশা প্রকাশ করেন যে, নতুন কমিটির সকল সদস্য নিষ্ঠা, সততা, দায়িত্ববোধ ও সংগঠনের মূল আদর্শকে সমুন্নত রেখে সকল কার্যক্রম সুষ্ঠু ও সফলভাবে পরিচালনা করবেন।

উল্লেখ্য, 'যুব শক্তি, দেশের শক্তি' এবং 'ঐক্য - মানবতা - উন্নয়ন' স্লোগানকে সামনে রেখে ২০২১ সালে মতলব উত্তর, চাঁদপুরে সংগঠনটি প্রতিষ্ঠিত হয়।

ফরিদগঞ্জের নবাগত ইউএনওকে

হয়। সৌজন্য সাক্ষাৎকালে সংগঠনের পক্ষে নবাগত ইউএনওকে ফুল দিয়ে বরণ করে নেন বাপাকা ফরিদগঞ্জ উপজেলা শাখার সভাপতি মো. মহসিন হাসান (শুভ্র) ও সাধারণ সম্পাদক মো. নূরুল ইসলাম (শাওন)।

এ সময় উপস্থিত ছিলেন বাপাকা চাঁদপুর জেলা কমিটির অর্থ সম্পাদক আব্দুর রহমান স্বপন, সুবিদপুর পূর্ব ইউনিয়নের হিসাব সহকারী কামাল হোসেন, গুপ্টি পশ্চিম ইউনিয়নের হিসাব সহকারী তারেক আজিজ পাটওয়ারী, চরদুঃখিয়া পূর্ব ইউনিয়নের হিসাব সহকারী শুভ কৃষ্ণ দাস, ফরিদগঞ্জ দক্ষিণ ইউনিয়নের হিসাব সহকারী মো. মাসুদ গাজী এবং রূপসা উত্তর ইউনিয়নের হিসাব সহকারী প্রদীপ চন্দ্র দাস।

সাক্ষাৎকালে সংগঠনের নেতৃবৃন্দ নবাগত উপজেলা নির্বাহী কর্মকর্তার কর্মময় জীবনের সার্বিক সাফল্য ও শুভকামনা ব্যক্ত করেন।

একই সঙ্গে ইউনিয়ন পরিষদ পর্যায়ের প্রশাসনিক ও আর্থিক সার্বিক কার্যক্রমকে স্বচ্ছতা ও জবাবদিহিতার মাধ্যমে গতিশীল রাখতে ইউএনওর সার্বিক নির্দেশনা ও সহযোগিতা কামনা করেন।

নবাগত ইউএনও মো. মেহেদী হাসান মানিক উপস্থিত সদস্যদের আন্তরিক ধন্যবাদ জানান এবং তৃণমূল পর্যায়ে জনগণের দোরগোড়ায় প্রশাসনিক সেবা পৌঁছে দিতে সততা ও নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালনের আহ্বান জানান।

তরুণদের মাদক ও সামাজিক

বাজার পশ্চিম শ্রীরামদী এলাকার মাঠে এ আয়োজন করা হয়। ফাইনালে টিম টাইগার্সকে ৪-১ গোলে হারিয়ে চ্যাম্পিয়ন হয় একতা স্পোর্টিং ক্লাব।

সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে টুর্নামেন্টের বিজয়ী ও রানার্স আপ দলের হাতে ট্রফি ও প্রাইজমানি তুলে দেন চাঁদপুর পৌরসভার মেয়র প্রার্থী ও জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আলহাজ্ব মো. মোশারফ হোসাইন।

মিষ্টি, দধি সহ যাবতীয় মিষ্টান্ন দ্রব্যের
অপ্রতিদ্বন্দ্বি অভিজাত মিষ্টি বিপণী
ওয়ান মিনিট
চপ, কাকলেট, মোগলাই, বিরিয়ানী,
চাইনিজ সহ বিভিন্ন রুচিশীল খাবারের জন্য
হেভেন
প্রেসক্লাব সড়ক, চাঁদপুর, ফোন- ০৮৪১৬৩২১০

অনুবাদ! অনুবাদ!! অনুবাদ!!!
রিলাইয়েন্স অনুবাদ কেন্দ্র
সরকারি রেজিঃ নং- ০২০৪০৫০৮
(সরকার অনুমোদিত রির্ভরযোগ্য ভাষা অনুবাদ সংস্থা)
আরবী, বাংলা, ইংরেজী, ইতালী, জাপানী, মালয়েশিয়া ইত্যাদি ভাষার অনুবাদ। সার্টিফিকেট, কাবিন নামা, ম্যারেজ সার্টিফিকেট, এনওসি, ভিসা, পাসপোর্ট, দলিল ইত্যাদি অনুবাদ এবং নোটারী পাবলিক, ফরেন মিনিষ্ট্রি এম্বাসী এটাস্টেশন সহ বিদেশে পরিবার নেওয়ার যাবতীয় কাজ ও প্রবাসে শ্রমজীবীদের যাবতীয় কেইচ/মামলা, ডেড কেইচ ইত্যাদির কাগজ পত্রাদির অনুবাদ ও যাবতীয় সত্যায়িতের কাজে পরামর্শ ও সহযোগিতা করে থাকি।
ঢাকা অফিস ঃ ১৭/২, তোপখানা রোড, ঢাকা-১০০০, বাংলাদেশ।
বাসা ও অফিস ঃ আনসারী মঞ্জিল, বিলুপ্ত চিত্রলেখার মোড়, কুমিল্লা রোড, চাঁদপুর।
মোবাইল ঃ ০১৯৫০-৩৪১৯৪৮, ০১৭১৬-২০১৫৩১

তিনি বক্তব্য বলেন, তরুণ সমাজকে মাদক এবং সামাজিক অবক্ষয় থেকে মুক্ত রাখতে খেলাধুলার কোন বিকল্প নেই। খেলাধুলার মাধ্যমে তাদের মধ্যে প্রতিযোগিতা ও শৃঙ্খলার মনোভাব তৈরি হয়। তাছাড়া খেলাধুলা এবং সাংস্কৃতিক কর্মকাণ্ড শরীর ও মন ভালো রাখে। আমাদের চাঁদপুর-৩ আসনের মাননীয় সাংসদ এবং জেলা বিএনপির অভিভাবক শেখ ফরিদ আহমেদ মানিক সাহেব চাঁদপুরকে মাদকমুক্ত করার লক্ষ্যে কাজ করে যাচ্ছেন।

চাঁদপুরে ওয়াপদা গেইট হতে

আইনগত ব্যবস্থা হিসেবে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ সনের ৩৬(১) এর সারনির ১০(ক)/৪১ ধারায় চাঁদপুর সদর মডেল থানায় একটি নিয়মিত দায়ের করা হয়। যার বাদী আমি নিজে। এরা সবাই পৌর ১৩নং ওয়ার্ডের বাসিন্দা।

মধ্য অক্টোবরে মৌসুমি বায়ু

প্রথম ১০ দিনে দেশের অধিকাংশ এলাকায় আংশিক মেঘলা আকাশ ও রোদ-মেঘের খেলা থাকতে পারে। চট্টগ্রাম, বরিশাল, ঢাকা, সিলেট ও ময়মনসিংহে স্বল্পস্থায়ী বৃষ্টির প্রবণতা তুলনামূলক বেশি থাকতে পারে। তবে বৃষ্টিহীন সময়ে তীব্র ভ্যাপসা গরম অনুভূত হওয়ার আশঙ্কা রয়েছে।

১১ থেকে ২০ অক্টোবরের দিকে আবহাওয়া তুলনামূলক শুষ্ক হতে পারে। এ সময়ের মধ্যে, বিশেষ করে ১৪ অক্টোবর নাগাদ, মৌসুমি বায়ু বিদায় নেওয়ার সম্ভাবনা রয়েছে। তবে ১৯ ও ২০ অক্টোবরের দিকে দক্ষিণাঞ্চলে বৃষ্টির প্রবণতা কিছুটা বাড়তে পারে। মাসের শেষ ১০ দিনে দক্ষিণ ও মধ্যাঞ্চলে মেঘলা আকাশ এবং বৃষ্টির প্রবণতা বাড়ার সম্ভাবনা রয়েছে।

এদিকে বৈশ্বিক আবহাওয়ায় এল নিনো গুরুত্বপূর্ণ প্রভাবক হয়ে উঠছে। বিশ্ব আবহাওয়া সংস্থার (ডব্লিউএমও) ৩ সেপ্টেম্বরের পূর্বাভাস অনুযায়ী, এল নিনো আরও শক্তিশালী হয়ে বছরের শেষদিকে খুব শক্তিশালী পর্যায়ে পৌঁছাতে পারে এবং ২০২৭ সালের ফেব্রুয়ারি পর্যন্ত টিকে থাকার সম্ভাবনা প্রায় শতভাগ। তবে কোনো অঞ্চলে এল নিনোর প্রভাব কতটা হবে, তা শুধু এর শক্তির ওপর নির্ভর করে না; অন্যান্য সমুদ্র ও বায়ুমণ্ডলীয় পরিস্থিতিও এতে ভূমিকা রাখে।

নিয়োগের পর ৬ মাসই

মাদ্রাসার অধ্যক্ষ মো. রফিকুল ইসলাম ওই শিক্ষকের স্থায়ী ঠিকানায় কারণ দর্শানোর নোটিশ পাঠান। ২২ জুলাই পাঠানো জবাবে ওই শিক্ষক জানান, তিনি গুরুতর অসুস্থ থাকায় প্রতিষ্ঠানে আসতে পারেননি বলে কারণ দর্শানো নোটিশের জবাব দেন।

তবে কোনো ছুটি মঞ্জুর না হওয়া সত্ত্বেও গতকাল ১ অক্টোবর সকালে হঠাৎ মাদ্রাসায় এসে হাজিরা খাতায় সই করেন আরিফুজ্জামান। বিষয়টি জানাজানি হলে শিক্ষকদের মধ্যে চরম অসন্তোষ তৈরি হয়। শিক্ষকেরা অবিলম্বে ক্লাস বর্জন করে অনিয়মিত এই শিক্ষকের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থার দাবি জানান।

পরে উদ্ভুত পরিস্থিতি সামাল দিতে অধ্যক্ষ রফিকুল ইসলাম তাৎক্ষণিকভাবে ওই প্রভাষকের দেয়া সই বাতিল করেন। সেই সঙ্গে পরিচালনা পর্ষদের সভাপতি ও উপজেলা নির্বাহী কর্মকর্তার (ইউএনও) সঙ্গে কথা বলে আইনগত ব্যবস্থা নেয়ার নিশ্চয়তা দিলে বেলা সাড়ে ১১টার দিকে শিক্ষকেরা পুনরায় পাঠদানে ফিরে যান।

জানতে চাইলে অভিযুক্ত প্রভাষক মো. আরিফুজ্জামান বলেন, যোগদানের পরই আমি গুরুতর অসুস্থ হয়ে পড়ি। চিকিৎসকের পরামর্শে ছয় মাস পূর্ণ বিশ্রামে ছিলাম। সুস্থ হয়ে আজ প্রতিষ্ঠানে উপস্থিত হয়েছি। কর্তৃপক্ষ যে সিদ্ধান্ত নেবে, তা মেনে নেব।

কড়ৈতলী কে এ সিনিয়র আলিম মাদ্রাসার অধ্যক্ষ মো. রফিকুল ইসলাম বলেন, তিনি প্রবিধান অমান্য করে একটানা প্রায় ছয় মাস অনুপস্থিত ছিলেন। আজ হঠাৎ এসে হাজিরা খাতায় সই করায় শিক্ষকেরা ক্লাস বর্জন করেন। পরে তাঁর সই বাতিল করে বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে।

এ বিষয়ে ফরিদগঞ্জ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার একাডেমিক সুপারভাইজার আব্দুল্লাহ্ আল মামুন জানান, বিষয়টি মাদ্রাসার অধ্যক্ষ মোঃ রফিকুল ইসলাম আমাকে মোবাইল ফোনের মাধ্যমে অবগত করেছেন। আমি অফিসিয়াল কাজে অফিসের বাহিরে থাকায় আগামী রোববার সকালে তার প্রয়োজনীয় কাগজপত্র দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

মাদ্রাসার গভর্নিং বডির সভাপতি ও ফরিদগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. মেহেদী হাসান মানিক জানান, কোনো শিক্ষক নিয়মবহির্ভূতভাবে দীর্ঘ দিন অনুপস্থিত থেকে হঠাৎ এসে হাজিরা সই করতে পারেন না। বিষয়টি খতিয়ে দেখে তদন্ত সাপেক্ষে উক্ত শিক্ষকের বিরুদ্ধে নিয়মানুযায়ী অনুযায়ী ব্যবস্থা নেয়া হবে।

সকল পরিবারে প্রবীণদের

অবদান রেখেছেন। জীবনের শেষ পর্যায়ে এসে যেন কোনো প্রবীণ একাকিত্ব, অবহেলা বা অনিরাপত্তায় না ভোগেন, সে বিষয়ে পরিবার ও সমাজকে দায়িত্বশীল ভাবে কাজ করতে হবে। সকল পরিবারে প্রবীণদের সাথে শ্রদ্ধাশীল ও সহানুভূতিশীল আচরণ করতে হবে।

সভায় আরো বক্তব্য রাখেন, চাঁদপুরের অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) একরামুল ছিদ্দিক, চাঁদপুর প্রেস ক্লাবের সভাপতি সোহেল রুশদী, সাবেক সিভিল সার্জন ডা. এমজি ফারুক ভুঁইয়াসহ অন্যান্যরা।

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) একরামুল ছিদ্দিক বলেন, প্রবীণদের অভিজ্ঞতা ও জ্ঞান নতুন প্রজন্মের জন্য মূল্যবান সম্পদ। তাদের সামাজিক কর্মকাণ্ডে সম্পৃক্ত রাখার পাশাপাশি নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা, পুষ্টিকর খাবার, পর্যাপ্ত বিশ্রাম ও মানসিক প্রশান্তির বিষয়েও পরিবারের সদস্যদের নজর দিতে হবে।

চাঁদপুর প্রেস ক্লাবের সভাপতি সোহেল রুশদী বলেন, পরিসংখ্যানে দেখা গেছে চাঁদপুর জেলায়, ১ লক্ষ ২২ হাজার ১৪৮জন বয়স্ক ভাতা পাচ্ছেন। আমরা চাই চাঁদপুরে বয়স্কভাতার হার আরো বাড়ানো হোক। প্রবীণদের আমরা শ্রদ্ধা করব। আপনাদের যে কোন দাবি দাওয়া আমরা মিডিয়ার মাধ্যমে সরকারের কাছে উপস্থাপন করব। আপনারা নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা করবেন। আমরা চাঁদপুর প্রেস ক্লাব আপনাদের পাশে আছি। চাঁদপুর জেলা প্রশাসক ও সমাজসেবা কার্যালয় আপনাদের পাশে আছে।

সাবেক সিভিল সার্জন ডা. এমজি ফারুক ভুঁইয়া প্রবীণদের নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা, চিকিৎসকের পরামর্শ অনুযায়ী ওষুধ সেবন, পরিমিত ও পুষ্টিকর খাবার গ্রহণ এবং নিয়মিত হাঁটা ও হালকা ব্যায়াম করবেন পাশাপাশি মানসিক চাপ কমিয়ে পরিবার ও স্বজনদের সঙ্গে সময় কাটাবেন।

এ সময় সভায় আরো বক্তব্য রাখেন ও অংশগ্রহণ করেন চাঁদপুর জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক মুনির চৌধুরী, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ মোহাম্মদ রফিকুল হাসান ফয়সল সহ প্রবীণ ব্যক্তিগণ ও সংশ্লিষ্টগণ?

বক্তারা প্রবীণদের অধিকার, মর্যাদা, নিরাপত্তা ও সামাজিক অংশগ্রহণ নিশ্চিত করতে পরিবার ও সমাজের সম্মিলিত উদ্যোগের ওপর গুরুত্বারোপ করেন।

নারীদের সু-শিক্ষায় শিক্ষিত

প্রজন্মকে দূরে থাকতে হবে। আর এগুলো থেকে দূরে থাকতে তোমাদের খেলাধুলা ও সাংস্কৃতিক কর্মকাণ্ড এগিয়ে আসতে হবে। শিক্ষার্থীদের বিজ্ঞান ও প্রযুক্তিসহ সব ক্ষেত্রে জ্ঞান অর্জন করতে হবে। সমাজ ও দেশের উন্নয়নে তোমাদের কাজ করতে হবে।

তিনি বলেন, নারীদের শিক্ষায় এগিয়ে আসতে হবে। ছেলেদের পাশাপাশি মেয়েদের সমাজের কল্যাণে এগিয়ে আসতে হবে। নারী শিক্ষার জন্য শিক্ষাবিদ মরহুম এটি আহমেদ হোসাইন রুশদী সাহেব এ প্রতিষ্ঠানটি করেছেন। এ প্রতিষ্ঠানটি নারী শিক্ষায় ভূমিকা রাখছে। আমি এ বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা ছিলাম। আমি চাই তোমরা ভালো ফলাফলের মাধ্যমে এ প্রতিষ্ঠানটির সুনাম বৃদ্ধি করবে।

বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক মো: নেছার আহমেদ খান এর পরিচালনায় অতিথি হিসেবে বক্তব্য রাখেন, শাহতলী কামিল মাদরাসার অধ্যক্ষ মাওলানা মোহাম্মদ বিলাল হোসাইন, জিলানী চিশতী কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মো: কামরুল হাসান, জিলানী চিশতী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো: মোহসীন উদ্দিন, ৩০নং মধ্য শাহতলী কাদেরিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সিনিয়র শিক্ষিকা আয়শা আক্তার, ৪নং শাহমাহমুদপুর ইউনিয়ের ৪নং ওয়ার্ড বিএনপির সভাপতি মো: জাহাঙ্গীর আলম খান, সাধারণ সম্পাদক মো: আব্দুল আজিজ মিজি, বিশিষ্ট সমাজসেবক মো: নুরুজ্জামান মুন্সি।

শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন সহকারি শিক্ষক মো: মনির হোসেন। সমবেত কণ্ঠে জাতীয় সংগীত ও দেশাত্ববোধক গান পরিবেশন করেন শিক্ষার্থীবৃন্দ?

চাঁদপুরে ২ প্রতিষ্ঠানকে ১৫

জরিমানা করা হয়। অভিযানে জরিমানার আদেশ দেন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, চাঁদপুরের সহকারী পরিচালক আব্দুল্লাহ আল ইমরান। তিনি বলেন, প্রতিষ্ঠান দুটি তাৎক্ষণিকভাবে জরিমানার অর্থ পরিশোধ করে এবং ভবিষ্যতে এ ধরনের অনিয়ম না করার অঙ্গীকার করে। পাশাপাশি নিয়মিত বাজার মনিটরিংয়ের অংশ হিসেবে বিভিন্ন প্রতিষ্ঠান পরিদর্শন ও জনসচেতনতামূলক লিফলেট বিতরণ করা হয়। অভিযানে চাঁদপুর জেলা পুলিশ ও ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের সদস্যরা সহযোগিতা করেন।

চাঁদপুর মেডিকেল কলেজে

মাহাবুবুর রহমানের সভাপতিত্বে এবং সিনিয়র মেডিকেল অফিসার ডা. সৈয়দ আহমেদ কাজলের প্রাণবন্ত সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চাঁদপুর মেডিকেল কলেজের অধ্যক্ষ ডা. মোহাম্মদ ইকবাল হোসেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথির শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন চাঁদপুর মেডিকেল কলেজের ভাইস প্রিন্সিপাল প্রফেসর ডা. হারুন অর রশিদ, সাবেক ড্যাব সভাপতি ডা. জাহাঙ্গীর খান, প্রফেসর ডা. সালেহ আহমেদ, ইন্টার্ন কোঅর্ডিনেটর ডা. নূরে আলম মজুমদার এবং সার্জারি বিভাগের বিভাগীয় প্রধান ডা. মো. হাসানুর রহমান।

বক্তারা নবীন ইন্টার্ন চিকিৎসকদের উদ্দেশ্যে গুরুত্বপূর্ণ দিকনির্দেশনামূলক বক্তব্য দেন এবং পেশাগত জীবনের প্রথম পদক্ষেপে রোগীদের প্রতি সহানুভূতিশীল ও দায়িত্বশীল থেকে সেবা দেওয়ার আহ্বান জানান।

অনুষ্ঠানের শেষ পর্বে ইন্টার্ন চিকিৎসকদের জন্য আয়োজন করা হয় আকর্ষণীয় র‍্যাফেল ড্র ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান। এ সময় চাঁদপুর মেডিকেল কলেজের বিভিন্ন বিভাগের শিক্ষক, ২৫০ শয্যা জেনারেল হাসপাতালের ঊর্ধ্বতন চিকিৎসকবৃন্দ, তৃতীয় বর্ষের শিক্ষার্থী এবং রেনাটা পিএলসির কর্মকর্তা-কর্মচারীসহ আমন্ত্রিত অতিথিবৃন্দ উপস্থিত ছিলেন।

দেশ খেয়েছে খাজুরেরা,

জীবনে নৈতিকতার চর্চা বাড়ানোর ওপর গুরুত্বারোপ করেন।

সাম্প্রতিক সময়ে রাজনৈতিক বক্তব্যে চরমোনাই পীর দেশের চাঁদাবাজি, সন্ত্রাস, দুর্নীতি, লুটতরাজসহ বিভিন্ন সামাজিক অনাচার নিয়েও সমালোচনা করেছেন।

হাজীগঞ্জের মাহফিলে স্থানীয় বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ, ধর্মপ্রাণ মুসল্লি এবং বাংলাদেশ মুজাহিদ কমিটির নেতাকর্মীরা অংশ নেন। এ সময় হাজীগঞ্জ ঐতিহাসিক বড় মসজিদ প্রাঙ্গণ ও আশপাশের এলাকায় বিপুলসংখ্যক মানুষের সমাগম ঘটে।

আয়োজকরা জানান, ধর্মীয় ও নৈতিক মূল্যবোধ সম্পর্কে জনসচেতনতা সৃষ্টি এবং ইসলামী আদর্শের আলোকে সমাজ গঠনের উদ্দেশ্যে এ মাহফিলের আয়োজন করা হয়েছে।

হাজীগঞ্জে গাঁজা ও ইয়াবাসহ

মাদক ব্যবসায়ী হিসেবে পরিচিত জুয়েল হাজীগঞ্জ চৌরাস্তা মোড়ে অবস্থান করছেন। খবর পেয়ে ডিএসবির সদস্যরা সেখানে গিয়ে জুয়েলের পরিচয় ও ঠিকানা জানতে চান এবং একপর্যায়ে বিষয়টি হাজীগঞ্জ থানার দায়িত্বপ্রাপ্ত পুলিশ সদস্যদের জানান।

উপস্থিত হন। তাঁর কান্নাকাটির একপর্যায়ে জুয়েল সেখান থেকে দৌড়ে পালিয়ে যান বলে সংশ্লিষ্ট সূত্র জানায়।

পরে হাজীগঞ্জ থানার পেট্রোল ডিউটিতে থাকা এসআই আবু আহমেদ সঙ্গীয় ফোর্স নিয়ে স্থানীয় লোকজনের সহায়তায় মকিমাবাদ এলাকায় জুয়েল ও নার্গিসের ভাড়া বাসায় অভিযান চালান। ছয়তলা ভবনের ওই ফ্ল্যাটে তল্লাশি চালিয়ে ৩ কেজি ৫০০ গ্রাম গাঁজা ও ১০০টি ইয়াবা বড়ি উদ্ধার করা হয়। এ সময় নার্গিস আক্তারকে আটক করা হয়।

আটক নার্গিস আক্তার ফরিদগঞ্জের নুরুল আমিনের মেয়ে। তাঁর স্বামী জুয়েল। তাঁরা হাজীগঞ্জের মকিমাবাদ এলাকায় ভাড়া বাসায় বসবাস করেন। এ ঘটনায় আইনগত প্রক্রিয়া চলমান বলে সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে।

চাঁদপুরে মা ইলিশ ধরলে

দিন সারাদেশে ইলিশ আহরণ, পরিবহন, মজুদ, বাজারজাতকরণ এবং ক্রয়-বিক্রয় সম্পূর্ণ নিষিদ্ধ থাকবে।

এ সময় চাঁদপুরের পদ্মা-মেঘনা নদীর মতলব উত্তর উপজেলার ষাটনল থেকে হাইমচর উপজেলার চরভৈরবী পর্যন্ত প্রায় ৭০ কিলোমিটার এলাকাকে কেন্দ্র করে বিশেষ নজরদারি চালানো হবে। এ অভয়াশ্রমে মা ইলিশের নিরাপদ প্রজনন নিশ্চিত করতে প্রশাসন, মৎস্য বিভাগ, নৌ পুলিশ ও কোস্টগার্ড সমন্বিতভাবে কাজ করবে।

সভায় মা ইলিশের প্রজনন নিরাপদ করতে বক্তব্য দেন নৌ পুলিশ চাঁদপুর অঞ্চলের পুলিশ সুপার সৈয়দ মোশফিকুর রহমান, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট উজালা রানী চাকমা, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) মো. খায়রুল কবীর, কোস্টগার্ড স্টেশন কমান্ডার লে. কমান্ডার মুহতাছিন ইসলাম এবং সদর উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা মির্জা ওমর ফারুক।

এ ছাড়া বক্তব্য দেন হাইমচর উপজেলা সহকারী মৎস্য কর্মকর্তা মাহবুবু রহমান, জেলা মৎস্যজীবী দলের সভাপতি গোলাম মোস্তফা এবং জেলেদের পক্ষে শহরের টিলাবাড়ি এলাকার জেলে মো. জাহিদ হোসেন ও আব্দুল বারেক।

হাইমচরে জাতীয়তাবাদী মুক্তিযোদ্ধা

কমিটি গঠনের আহ্বান জানান তিনি।

তিনি আরও বলেন, ত্যাগী ও পরীক্ষিত নেতাকর্মীদের মূল্যায়নের মাধ্যমে একটি গ্রহণযোগ্য ও সাংগঠনিকভাবে শক্তিশালী কমিটি গঠন করা প্রয়োজন। অভিযোগের সত্যতা যাচাই করে সাংগঠনিক সিদ্ধান্ত নেয়ার দাবি জানিয়েছেন প্রফেসর হারুন অর রশিদ গাজী।

শুক্রবার লড়বে মোহামেডান

উদ্বোধনী ম্যাচে অংশ নিয়েছিল ফকিরাপুল ইয়ং মেনস্ ক্লাব ও ঢাকা ওয়ান্ডার্স ক্লাব।

জানা গেছে, বাংলাদেশ ফুটবল লীগের প্রথম পর্বের মোট ৭৮টি ম্যাচ দেশের সাতটি ভেন্যুতে অনুষ্ঠিত হবে। এর মধ্যে চাঁদপুর স্টেডিয়ামে হবে ১২টি ম্যাচ। শনিবার ৩ অক্টোবর একই ভেনুতে মুখোমুখি হবে ঢাকা ওয়ান্ডার্স ক্লাব ও আবাহনী লিমিটেড ঢাকা। প্রথম পর্বের শেষ ম্যাচটি চাঁদপুর স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে আগামী ১৬ জানুয়ারি। ওই ম্যাচে ঢাকা ওয়ান্ডার্স ক্লাবের প্রতিপক্ষ পিডব্লিউডি স্পোর্টস ক্লাব।

চাঁদপুর জেলা ক্রীড়া সংস্থার সদস্য সচিব মো. জয়নাল আবেদীন জনু বলেন, জাতীয় পর্যায়ের এই ফুটবল আয়োজনকে ঘিরে জেলা ক্রীড়া সংস্থার পক্ষ থেকে প্রয়োজনীয় প্রস্তুতি নেওয়া হয়েছে। শুক্রবার ঐতিহ্যবাহী মোহামেডান স্পোর্টিং ক্লাব ও ফকিরাপুল ইয়াং ম্যানসের খেলায় উপস্থিত থাকবেন মোহামেডান স্পোর্টিং ক্লাবের গভর্নিং বোর্ডের চেয়ারম্যান বরকতউল্লাহ বুলু এমপি। জাতীয় পর্যায়ের ফুটবল খেলা দেখার জন্য ২০ টাকা করে টিকেটের মূল্য নির্ধারণ করা হয়েছে।

তিনি বলেন , চাঁদপুরের ক্রীড়াঙ্গনের জন্য এটি একটি গুরুত্বপূর্ণ আয়োজন। জাতীয় পর্যায়ের ম্যাচ শুধু দর্শকদের বিনোদন দেবে না, এই আয়োজনের মধ্য দিয়ে চাঁদপুর থেকেও একদিন উঠে আসবে জাতীয় দলের ফুটবলার।

রাজু পাটোয়ারী ও মইন

পুলিশের ভূমিকার প্রশংসা করেন এবং দ্রুত আসামিদের গ্রেপ্তার করায় পুলিশকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান।

স্থানীয়রা বলেন, এলাকায় শান্তি-শৃঙ্খলা বজায় রাখতে অপরাধীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা অব্যাহত রাখা প্রয়োজন। একই সঙ্গে সামাজিকভাবে মাদক ও অপরাধ প্রতিরোধে সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান তারা।

এফিডেভিট

আমি তাহমিদা আক্তার, পিতা: মোঃ আবু জাফর, মাতাঃ ছায়েমা বেগম, বর্তমান ঠিকানা: সাং-আশ্রাফপুর (মধ্য), ডাকঘর- আশ্রাফপুর-৩৬৩২, উপজেলা- কচুয়া, জেলা: চাঁদপুর বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের অধীনে ২০২২ইং সালের দাখিল পরীক্ষা রেজি: নং- ১৯১৮৬৩৪৭৭৭/২০২০, রোল নং- ২৯৯০৫ এবং ২০২৪ইং সালের আলিম পরীক্ষা রেজি: নং- ১৯১৮৬৩৪৭৭৭/২০২২, রোল নং- ১৬৭৮৬৭ এর রেজিস্ট্রেশন কার্ড, প্রবেশপত্র, একাডেমী ট্রান্সক্রীপ্ট ও সার্টিফিকেটে সরল ভ্রমবশতঃ আমার নাম ভুলভাবে লিপিবদ্ধ হয়েছে।

প্রকৃতপক্ষে উল্লেখিত সকল ডকুমেন্টে আমার নাম (তাহমিদা আক্তার) TAHMIDA AKTER লিপি হবে মর্মে চাঁদপুর নোটারী পাবলিকের কার্যালয় সংশোধন সংক্রান্ত এফিডেভিট করা হয়েছে। যার এফিডেভিট নং- ৯৬২, তারিখ: ২২.০৯.২০২৬। -তাহমিদা আক্তার

নাম সংশোধন

আমার নাম "মোঃ মোখতার হোসেন" (MD MOKTER HOSSAIN) এর স্থলে (MD. MUKTHER HOSSAIN) লিপিবদ্ধ হইয়াছে। যাহা সর্বাবস্থায় ভুল ও ভ্রমাত্মক বটে।

আমার নামীয় Dakhil Examination-১৯৮৭ (Madrasah Board), Serial No-MBC ৫১০০৬২২, যাহার রোল নং-৩৬৯৬১, রেজিঃ নং-২৯০৫৭ সেশন-১৯৮৪-৮৫ এর Certificate-এ লিপি থাকা আমার ভুল নাম (MD. MUKTIR HOSSAIN MULLAH) ও আমার পিতার ভুল নাম (MD MOKLASUR RAHMAN MULLAH) এবং Alim Examination-১৯৯৬ (Madrasah Board), Serial No-MBAC ০০২২৭৫৫, যাহার রোল নং-২৬৬২, রেজিঃ নং-P-২০৫৫ সেশন-১৯৯৬ এর Certificate-এ আমার ভুল নাম (MD. MUKTHER HOSSAIN) এর পরিবর্তে আমার নামীয় জাতীয় পরিচয় পত্র (যাহার নং-৮৬৭৪৬৫০২১৬) অনুযায়ী আমার সঠিক নাম "মোঃ মোখতার হোসেন" (MD MOKTER HOSSAIN) ও আমার পিতার সঠিক নাম "মোঃ মোখলেছুর রহমান" (MD. MOKLASUR RAHAMAN) সংশোধন হইয়া লিপিবদ্ধ হইবে।

অদ্য হইতে আমার নামীয় সার্টিফিকেটে আমার সঠিক ও শুদ্ধ নাম "মোঃ মোখতার হোসেন" (MD MOKTER HOSSAIN) ও আমার পিতার সঠিক ও শুদ্ধ নাম "মোঃ মোখলেছুর রহমান" (MD. MOKLASUR RAHAMAN) ব্যবহৃত হইবে। -মোঃ মোখতার হোসেন

আইন সবার জন্য সমান

শেষে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য দেন প্রধানমন্ত্রী। এ সময় তিনি বিএনপির বিভিন্ন কর্মসূচি, আইনের শাসন এবং দেশের রাজনৈতিক পরিস্থিতি নিয়ে কথা বলেন।
তারেক রহমান বলেন, মানুষের অধিকার প্রতিষ্ঠার জন্য বিএনপি দীর্ঘদিন আন্দোলন করেছে। তাঁর ভাষ্য, গত ১৭ বছর দেশের মানুষের ভোটের অধিকার কেড়ে নেওয়া হয়েছিল এবং তাদের কথা বলার সুযোগও ছিল না। মানুষের কষ্ট ও দুর্দশা দূর করার উদ্যোগও নেওয়া হয়নি বলে তিনি মন্তব্য করেন।
প্রধানমন্ত্রী বলেন, ২০২৪ সালের ৫ আগস্ট দেশের মানুষ সেই স্বৈরাচারকে বিদায় করেছে। এরপর ২০২৬ সালের ১২ ফেব্রুয়ারি দেশের মানুষ বাংলাদেশ জাতীয়তাবাদী দলকে দেশ পরিচালনার দায়িত্ব দিয়েছে বলে উল্লেখ করেন তিনি।
তারেক রহমান বলেন, বিএনপিকে দায়িত্ব দেওয়ার পর দলটি সর্বশক্তি দিয়ে নিশ্চিত করবে যে আইন সবার জন্য সমান। দেশে আইনের শাসন প্রতিষ্ঠা করতে তারা কাজ করবে। তাঁর ভাষ্য, বিগত ১৭ বছর আইনের শাসন ভূলুণ্ঠিত হয়েছিল। সেই পরিস্থিতি পরিবর্তন করে ধীরে ধীরে আইনের শাসন প্রতিষ্ঠা করতে চান তারা।
প্রধানমন্ত্রী আরও বলেন, কিছু রাজনৈতিক দল অনাকাঙ্ক্ষিত ঘটনাকে কাজে লাগিয়ে দেশে অরাজকতা তৈরির চেষ্টা করছে। তিনি বলেন, ফ্যামিলি কার্ড, কৃষক কার্ড, খাল খনন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এবং বন্ধ মিল-কারখানা চালুর মতো কাজে যদি বিঘ্ন ঘটে, তাহলে ক্ষতিগ্রস্ত হবে দেশের মানুষই।

দেশে আশঙ্কাজনক হারে

পরিত্যক্ত ভবন, স্কুল ও মাদ্রাসাতে ঘটছে। তার সাথে জড়িয়ে পড়ছে শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও সংশ্লিষ্ট কর্মীরাও। তাছাড়া শিশু ধর্ষণে অধিকাংশ ক্ষেত্রেই পূর্বপরিচিতরা জড়িত। হয়তো ওসব ব্যক্তিরা শিশুর প্রতিবেশী, আত্মীয়, শিক্ষক, দোকানদার, নেশাগ্রস্ত এবং স্থানীয় প্রভাবশালী ব্যক্তি। সেজন্যই শিশু ধর্ষণে অপরিচিতদের জড়িত থাকার হার তুলনামূলক কম। আর অপরাধীদের বয়স ২০ থেকে ৬০ বছর বা তার বেশি। তার মধ্যে ২১ থেকে ৪০ বছর বয়সিরা জড়িত সবচেয়ে বেশি শিশু ধর্ষণের ঘটনায়।
সূত্র আরো জানায়, শিশু ধর্ষণের ঘটনায় দায়েরকৃত মামলায় অনেক ক্ষেত্রে সন্দেহভাজনকে গ্রেপ্তার করা হলেও, খুব কম ক্ষেত্রেই অপরাধীর চূড়ান্ত সাজার তথ্য মিলছে। চলতি বছরে সংঘটিত ৩৩৬টি শিশু ধর্ষণের ঘটনায় ২২৯টি মামলা হয়। তার মধ্যে ৭৭টির মামলা প্রক্রিয়াধীন আছে আর ৩০টি ক্ষেত্রে অভিযোগই করা হয়নি। ওসব মামলায় ২৬২ জন আসামিকে গ্রেপ্তার করা হলেও তার মধ্যে অভিযুক্ত মাত্র ১৯ জন।
এদিকে এ প্রসঙ্গে বাংলাদেশ হিউম্যান রাইটস ফাউন্ডেশনের চেয়ারপারসন অ্যাডভোকেট এলিনা খান জানান, গ্রামাঞ্চলে কোনো শিশু ধর্ষণের শিকার হলে ভুক্তভোগীর পরিবার ওই ঘটনা চেপে রাখে। পাশাপাশি টাকা-পয়সা দিয়ে ঘটনা চাপা দেয়ার ঘটনা তো রয়েছেই। ধর্ষণের ঘটনায় সরকার থেকে বাধ্যতামূলকভাবে জেলা প্রশাসক ও ইউএনওদের মাঠপর্যায়ে গিয়ে ঘটনা তদারকি করার জন্য দায়িত্ব নিতে হবে। আর ধর্ষণের মামলা এড়িয়ে যাওয়ার জন্য চাপ থাকলে অভিযুক্তদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা এবং জবাবদিহির ব্যবস্থা করতে হবে। ক্ষেত্রবিশেষে কোনো কর্মকর্তার বিরুদ্ধে কাউকে সুবিধা দেয়ার অভিযোগ পাওয়া গেলে তাকে পদ থেকে সরিয়ে দেয়ারও ব্যবস্থা করতে হবে।
অন্যদিকে এ প্রসঙ্গে পুলিশ সদর দপ্তরের গণমাধ্যম শাখার সহকারী মহাপরিদর্শক এ এইচ এম শাহাদাত হোসাইন জানান, ধর্ষণ মামলা নারী ও শিশুদের ক্ষেত্রে খুবই স্পর্শকাতর। সেজন্য মামলাগুলোর তদন্তে সবচেয়ে বেশি অগ্রাধিকার দেয়া হয়। সামগ্রতিক সময়ে অনলাইন জিডি ও পুলিশের কাছে রিপোর্ট করার প্রক্রিয়া সহজ হয়েছে। সেজন্য ওসব ঘটনায় মামলার সংখ্যাও বাড়ছে। তবে অপরাধ কমাতে সামাজিক সচেতনতা দরকার। শিশুদের ক্ষেত্রে সাধারণত বড় একটি অংশই আপনজন, পারিবারের সদস্য এবং পরিচিত লোকদের মাধ্যমে নির্যাতনের শিকার হয়। সেজন্য সচেতনতা বাড়ানো জরুরি।

স্বতন্ত্র সাইবার পুলিশ

নিয়োগের সুযোগ রাখা হয়েছে।
স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, নতুন ইউনিটের প্রধান থাকবেন একজন অতিরিক্ত আইজিপি। বিভাগীয় ও সদর দপ্তর পর্যায়ে একাধিক ডিআইজি ও অতিরিক্ত ডিআইজি থাকবেন। জেলা পর্যায়ে পুলিশ সুপার পর্যায়ের কর্মকর্তা দায়িত্ব পালন করবেন। থানায় ইউনিটটির জন্য আলাদা সাব-ইন্সপেক্টর, এএসআই ও কনস্টেবল নিয়োগ দেওয়া হবে। তিনি বলেন, এই ইউনিটের মোট জনবল সংখ্যা আমরা এখন পর্যন্ত অর্গানোগ্রামে ৪ হাজার ৫৯২ জন নির্ধারণ করেছি। বিদ্যমান জনবল থেকে প্রয়োজনীয় সদস্য পূরণ করা হবে এবং পরবর্তী সময়ে নিয়োগের মাধ্যমে পূর্ণাঙ্গ জনবল গঠন করা হবে।
নতুন ইউনিটে আধুনিক সাইবার-সংশ্লিষ্ট সরঞ্জাম থাকবে জানিয়ে সালাউদ্দিন আহমদ বলেন, প্রযুক্তি ও মেধানির্ভর একটি সংগঠন হিসেবে ইউনিটটি গড়ে তোলা হবে। তিনি আরও বলেন, বর্তমান সময়ে কৃত্রিম বুদ্ধিমত্তা ও সাইবার-সংশ্লিষ্ট কর্মকাণ্ড বেড়েছে। ফলে অপরাধ মোকাবিলায় প্রচলিত পদ্ধতির পাশাপাশি ফরেনসিক ও ডিজিটাল প্রযুক্তির ব্যবহার বাড়ানোর প্রয়োজনীয়তা দেখা দিয়েছে।

ক্যারিয়ার নির্বাচনে ইসলাম যেভাবে সাহায্য করে

দিগন্ত ডেস্ক

উচ্চমাধ্যমিকের গণ্ডি পেরিয়ে বিশ্ববিদ্যালয়ে প্রবেশের সন্ধিক্ষণটি প্রতিটি শিক্ষার্থীর জীবনের অন্যতম সংবেদনশীল বাঁক। এই মোড়ে এসে তরুণ মনস্তত্ত্ব তীব্র অনিশ্চয়তা ও সিদ্ধান্তহীনতায় পতিত হয়। সমাজে অল্প কিছু শিক্ষার্থী হয়তো শুরু থেকেই নিজেদের লক্ষ্য সম্পর্কে নিশ্চিত থাকে; কিন্তু সংখ্যাগরিষ্ঠের চিত্রটি বিপরীত।
অভিভাবকদের আকাশচুম্বী প্রত্যাশা, সামাজিক মর্যাদার মোহ এবং নিজের সহজাত ভালোলাগার টানাপোড়েনে উচ্চশিক্ষার পাঠ্যবিষয় ও ভবিষ্যৎ ক্যারিয়ার নির্বাচন কঠিন হয়ে পড়ে।
ক্যারিয়ার ও বিষয় নির্বাচনের পাঁচটি মৌলিক দিক তুলে ধরা হলো।
১. ইস্তিখারার নামাজ
সিদ্ধান্তহীনতার মুহূর্তে একজন মুমিনের প্রধান আত্মিক অবলম্বন হলো 'সালাতুল ইস্তিখারা' বা আল্লাহর কাছে কল্যাণ প্রার্থনার বিশেষ নামাজ। মহানবী (সা.) সাহাবিদের কোরআনের সুরা যেভাবে মুখস্থ করাতেন, ঠিক সেভাবেই জীবনের প্রতিটি গুরুত্বপূর্ণ বিষয়ে ইস্তিখারা করার শিক্ষা দিতেন। (সহিহ বুখারি, হাদিস: ১১৬২)
ইস্তিখারার ফলাফল প্রকাশ পায় অন্তরের গভীর প্রশান্তি, আত্মবিশ্বাস এবং বাস্তব পরিস্থিতির অনুকূল প্রবাহের মাধ্যমে।
ইবনে হাজার আসকালানি উল্লেখ করেছেন, ইস্তিখারার সারকথা হলো নিজের ব্যক্তিগত ইচ্ছা ও অহমিকা পরিহার করে মহান আল্লাহর ইচ্ছার ওপর সমর্পিত হওয়া এবং সালাতের পর অন্তর যে বিষয়ের প্রতি স্বতঃস্ফূর্তভাবে সায় দেয়, সে পথেই অগ্রসর হওয়া। (আল-আসকালানি, ফাতহুল বারি বি-শারহি সহিহিল বুখারি, ১১/১৮৮, দারুল মা'রিফাহ, বৈরুত, ১৩৭৯ হি.)
এর সঙ্গে যুক্ত রয়েছে তাকদিরের বিশ্বাস। রাসুল (সা.) নির্দেশ দিয়েছেন, মাতৃগর্ভেই মানুষের জীবিকা, আয়ু ও ভবিষ্যৎ চূড়ান্তভাবে লিপিবদ্ধ হয়ে যায়। (সহিহ মুসলিম, হাদিস: ২৬৪৫)
২. সহজাত স্বভাবের মূল্যায়ন
ইসলাম প্রতিটি মানুষের মনস্তাত্ত্বিক বৈচিত্র্য ও সহজাত স্বভাবকে (ফিতরাত) গভীরভাবে স্বীকৃতি দেয়। পেশা নির্বাচনের ক্ষেত্রে নিজের মানসিক গঠন অন্তর্মুখী (ইন্ট্রোভার্ড) নাকি বহির্মুখী (এক্সট্রোভার্ট)–তা স্পষ্ট হওয়া জরুরি। পবিত্র কোরআনে বলা হয়েছে, 'বলুন, প্রত্যেকেই নিজ নিজ স্বভাব-প্রকৃতি অনুসারে কাজ করে।' (সুরা ইসরা, আয়াত: ৮৪)
মানুষের এই সহজাত প্রবণতার পথকে ইসলাম রুদ্ধ করে না; বরং তা বিকশিত হতে সহায়তা করে। রাসুল (সা.) বলেছেন, 'তোমরা কাজ করে যাও; কেননা যার জন্য যা সৃষ্টি করা হয়েছে, তার জন্য সেই পথটি সহজসাধ্য করা হয়েছে।' (সহিহ বুখারি, হাদিস: ৪৯৪৯)
নবীজি (সা.) সাহাবিদের দায়িত্ব দেওয়ার সময় তাঁদের ব্যক্তিগত স্বভাবের বিষয়টি বিবেচনা করতেন। সাহাবি আবু জর গিফারি (রা.) অত্যন্ত আল্লাহভীরু ও সত্যনিষ্ঠ হওয়া সত্ত্বেও তাঁকে প্রশাসনিক নেতৃত্ব দিতে অস্বীকৃতি জানিয়ে রাসুল (সা.) বলেছিলেন, 'হে আবু জর, আমি তোমাকে এই দায়িত্বের ক্ষেত্রে দুর্বল দেখছি; অতএব তুমি দুজনেরও নেতা হয়ো না।' (সহিহ মুসলিম, হাদিস: ১৮২৬)
দূরদর্শী সামরিক ও রাজনৈতিক নেতৃত্বের জন্য তিনি খালিদ ইবনে ওয়ালিদ কিংবা আমর ইবনুল আস (রা.)-কে বেছে নিয়েছিলেন।
ইমাম রাগিব আল-ইসফাহানি তাঁর গ্রন্থে উল্লেখ করেছেন, মহান আল্লাহ মানুষের মেধা, প্রবৃত্তি ও যোগ্যতায় যে বৈচিত্র্য সৃষ্টি করেছেন, তার উদ্দেশ্যই হলো মানুষ যেন নিজের স্বভাবোপযোগী পেশা ও দায়িত্ব বেছে নেয়; এতে সমাজব্যবস্থা পরস্পরের ওপর নির্ভর করে ভারসাম্যপূর্ণভাবে টিকে থাকে। (আল-ইসফাহানি, আদ-দারিয়াহ ইলা মাকারিমিশ শারিয়াহ, পৃষ্ঠা: ৩৭৬-৩৭৭, দারুস সালাম, কায়রো, ২০০৭)
ইসলামে জ্ঞানের বিশেষায়নকে উৎসাহিত করা হয়েছে। যার গণিতের ভিত্তি দুর্বল, তার জন্য ফিন্যান্সের জটিল শাখা নির্বাচন করা ঝুঁকিপূর্ণ; আবার যার জৈববিজ্ঞানে অনীহা, তার চিকিৎসাশাস্ত্রের দিকে যাওয়া অবাস্তব।
৩. সামর্থ্যের নির্মোহ উপলব্ধি
নিজের সক্ষমতা ও সীমাবদ্ধতার সৎ মূল্যায়ন ইসলামের একটি মূলনীতি। ইসলাম কারও ওপর সাধ্যাতীত বোঝা চাপিয়ে দেওয়া সমর্থন করে না, 'আল্লাহ কারও ওপর এমন কোনো দায়িত্ব চাপিয়ে দেন না, যা তার সাধ্যাতীত।' (সুরা বাকারা, আয়াত: ২৮৬)
রাসুল (সা.) সাহাবিদের সমষ্টিগত মেধার চেয়ে তাঁদের ব্যক্তিক পারদর্শিতাকে বিশেষভাবে মূল্যায়ন করতেন। তিনি বলেছেন, 'আমার উম্মতের মধ্যে উত্তরাধিকার আইনে সর্বাধিক পারদর্শী জায়েদ ইবনে সাবেত, হালাল ও হারামের বিধানে সর্বাধিক প্রজ্ঞাবান মুআজ ইবনে জাবাল এবং কোরআন পাঠে সর্বাধিক পারদর্শী উবাই ইবনে কাব...।' (সুনানে তিরমিজি, হাদিস: ৩৭৯০)
নবীজির এই ঘোষণা প্রমাণ করে, ইসলামে জ্ঞানের বিশেষায়নকে উৎসাহিত করা হয়েছে। যার গণিতের ভিত্তি দুর্বল, তার জন্য ফিন্যান্সের জটিল শাখা নির্বাচন করা ঝুঁকিপূর্ণ; আবার যার জৈববিজ্ঞানে অনীহা, তার চিকিৎসাশাস্ত্রের দিকে যাওয়া অবাস্তব।
ইমাম ইবনুল কাইয়িম সন্তানের মেধা ও কর্মক্ষেত্র নির্বাচন বিষয়ে লিখেছেন, অভিভাবকদের উচিত সন্তানের সুপ্ত আগ্রহ ও মেধার গতিপ্রকৃতি গভীরভাবে পর্যবেক্ষণ করা। যদি দেখা যায় কোনো বৈধ বিদ্যায় তার সহজাত দক্ষতা রয়েছে, তবে তাকে সেই পথেই এগোতে দিতে হবে। অভিভাবকের জোরজবরদস্তির কারণে যদি তাকে এমন কোনো বিষয়ে বাধ্য করা হয় যার প্রতি তার মন সায় দেয় না, তবে সে সেই বিদ্যায় চরম ব্যর্থ হবে এবং তার ভেতরের স্বাভাবিক সম্ভাবনাও অপচয় হয়ে যাবে। (ইবনুল কাইয়িম, তুহফাতুল মাওদুদ বি-আহকামিল মাওলুদ, পৃষ্ঠা: ১৪৭, মাকতাবাতু দারুল বায়ান, দামেস্ক, ১৯৭১)
৪. অভিজ্ঞদের সঙ্গে পরামর্শ
গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে ইসলাম পারস্পরিক পরামর্শকে বিশেষ মর্যাদা দিয়েছে। কোরআনে সফল মুমিনদের গুণাবলি বর্ণনা করে বলা হয়েছে, 'এবং তাদের যাবতীয় কাজকর্ম পারস্পরিক পরামর্শের ভিত্তিতে সম্পন্ন হয়।' (সুরা শুরা, আয়াত: ৩৮)
যা তোমার জন্য কল্যাণকর, তা অর্জনে সচেষ্ট হও এবং আল্লাহর সাহায্য প্রার্থনা করো, কখনো হিম্মত হারিয়ো না।
সহিহ মুসলিম, হাদিস: ২৬৬৪
রাসুল (সা.) বলেন, 'পরামর্শদাতা হলো আমানতদার।' (সুনানে তিরমিজি, হাদিস: ২৮২২)
ইমাম আল-মাওয়ার্দি লিখেছেন, পরামর্শ মানুষের আত্মঅহমিকা দূর করে এবং নিজের সীমাবদ্ধ বুদ্ধির সঙ্গে অন্যের অভিজ্ঞতা ও প্রজ্ঞাকে যুক্ত করে সঠিক সিদ্ধান্তে পৌঁছাতে সাহায্য করে। (আল-মাওয়ার্দি, আদাবুদ্দুনয়া ওয়াদ্দিন, পৃষ্ঠা: ৩১৫, দারু মাকতাবাতিল হায়া, বৈরুত, ১৯৮৮)
৫. সিদ্ধান্তের নমনীয়তা
অনেক শিক্ষার্থী মনে করেন, বিশ্ববিদ্যালয়ে কোনো একটি বিষয়ে একবার ভর্তি হয়ে যাওয়াই জীবনের অপরিবর্তনীয় ভাগ্যলিপি। এই ভয় তাঁদের মধ্যে তীব্র মানসিক অবসাদের জন্ম দেয়। অথচ বাস্তব জীবন কোনো একমাত্রিক সরলরেখা নয়। ইসলাম মানুষকে ভুল থেকে শিক্ষা নিয়ে এগিয়ে যাওয়ার নমনীয়তা শেখায়।
রাসুল (সা.) নির্দেশ দিয়েছেন, 'যা তোমার জন্য কল্যাণকর, তা অর্জনে সচেষ্ট হও এবং আল্লাহর সাহায্য প্রার্থনা করো, কখনো হিম্মত হারিয়ো না।' (সহিহ মুসলিম, হাদিস: ২৬৬৪)
যদি দেখা যায় নির্বাচিত বিষয়টি নিজের মেধার সঙ্গে একেবারেই খাপ খাচ্ছে না, তবে মাঝপথে বিষয় (মেজর) পরিবর্তন করার সিদ্ধান্ত কোনো ব্যর্থতা নয়; বরং এটি অধিকতর মানানসই একটি ভবিষ্যতের
বাস্তবসম্মত পদক্ষেপ। পবিত্র কোরআনের অভয়বাণী, 'নিশ্চয়ই কষ্টের সঙ্গেই রয়েছে স্বস্তি।' (সুরা ইনশিরাহ, আয়াত: ৬)

মৃত্যুর চোখে মানুষের ৪ স্তর: ইমাম গাজালির কালজয়ী দর্শন

দিগন্ত ডেস্ক

ইমাম গাজালি মৃত্যুর মনস্তাত্ত্বিক গভীরতা এবং মৃত্যুর মুখোমুখি দাঁড়িয়ে মানুষের বিভিন্ন শ্রেণির যে সূক্ষ্ম চরিত্রচিত্রণ তুলে ধরেছেন, তা মানবচৈতন্যকে নাড়া দেওয়ার মতো এক অতুলনীয় আধ্যাত্মিক দর্পণ।
ইসলামি দর্শনে মৃত্যু হলো নশ্বর জগত থেকে অবিনশ্বর চিরন্তন জীবনে উত্তরণের এক প্রবেশদ্বার। ইমাম গাজালি মৃত্যুর বাস্তবতা ও মানুষের আত্মিক অবস্থানের স্তরগুলো সেভাবেই বিশ্লেষণ করেছেন।
মৃত্যুর অনিবার্যতা
মহাবিশ্বের কোনো সুরক্ষিত প্রাচীর, রাজপ্রাসাদ কিংবা আধুনিক চিকিৎসাবিজ্ঞান মানুষকে মৃত্যুর হাত থেকে নিষ্কৃতি দিতে পারে না।
পবিত্র কোরআনে আল্লাহ ঘোষণা করেছেন, 'তোমরা যেখানেই থাকো না কেন, মৃত্যু তোমাদের স্পর্শ করবেই–এমনকি যদি তোমরা সুউচ্চ সুদৃঢ় দুর্গেও অবস্থান করো।' (সুরা নিসা, আয়াত: ৭৮)
মানুষ পার্থিব জীবনে যত আত্মরক্ষার দেয়ালই তুলুক না কেন, মৃত্যু থেকে পলায়নের কোনো সুযোগ নেই।
বলুন, তোমরা যে মৃত্যু থেকে পলায়ন করছ, তা নিশ্চিতভাবেই তোমাদের মুখোমুখি হবে। অতঃপর তোমাদের উপস্থিত করা হবে অদৃশ্য ও দৃশ্যের পরিজ্ঞাতা আল্লাহর সমীপে; আর তিনি তোমাদের জানিয়ে দেবেন যা কিছু তোমরা করতে।'
সুরা জুমুআ, আয়াত: ৮
তিনি বলেন, 'বলুন, তোমরা যে মৃত্যু থেকে পলায়ন করছ, তা নিশ্চিতভাবেই তোমাদের মুখোমুখি হবে। অতঃপর তোমাদের উপস্থিত করা হবে অদৃশ্য ও দৃশ্যের পরিজ্ঞাতা আল্লাহর সমীপে; আর তিনি তোমাদের জানিয়ে দেবেন যা কিছু তোমরা করতে।' (সুরা জুমুআ, আয়াত: ৮)
মৃত্যুর স্মরণে মানুষের চার স্তর
ইমাম আল-গাজালি মৃত্যুর স্মরণের ক্ষেত্রে মানুষের মানসিক অবস্থার ওপর ভিত্তি করে মানবসমাজকে চারটি প্রধান শ্রেণিতে বিন্যস্ত করেছেন। (ইহয়াউ উলুমিদ্দিন, ৪/৪৫০৪৫৩, দারুল মা'রিফাহ, বৈরুত, ১৯৮২ খ্রি.)
পার্থিব মোহে নিমজ্জিত: এই শ্রেণির মানুষ পার্থিব ভোগবিলাসে সম্পূর্ণরূপে আত্মহারা। সে সচরাচর মৃত্যুকে স্মরণ করে না; আর কদাচিৎ মনে পড়লেও তীব্র বিরক্তি ও ঘৃণার সঙ্গে তা এড়িয়ে যেতে চায়।
কারণ মৃত্যু তার ভোগবিলাসের মোহকে চুরমার করে দেয় এবং পার্থিব সম্পদ থেকে তাকে বিচ্ছিন্ন করে ফেলে। এই শ্রেণির মানুষের মৃত্যুভাবনা তাকে তওবার পথে নেয় না; বরং সে ভাগ্যের ওপর অসন্তুষ্ট হয়ে পার্থিব ভোগে আরও বেশি বেপরোয়া হয়ে ওঠে।
অনুতপ্ত ও প্রাথমিক সাধক: এই স্তরের ব্যক্তি পরকালের চিন্তায় প্রতিনিয়ত মৃত্যুকে স্মরণ করে। তার অন্তরে আল্লাহর ভয় জাগ্রত থাকে এবং পাপমুক্ত হয়ে পাথেয় সংগ্রহে সে ব্যাকুল থাকে।
সে-ও মৃত্যুকে অপছন্দ করে, তবে পার্থিব মোহে নয়; বরং তার অন্তরে সার্বক্ষণিক এই শঙ্কা কাজ করে যে পর্যাপ্ত নেক আমল ও খাঁটি তওবা সম্পন্ন করার আগেই যদি হঠাৎ মৃত্যুর ডাক এসে যায়!
যে ব্যক্তি আল্লাহর সঙ্গে সাক্ষাৎকে ভালোবাসে, আল্লাহও তার সঙ্গে সাক্ষাৎকে ভালোবাসেন।
সহিহ বুখারি, হাদিস: ৬৫০৭
এই ব্যক্তির মৃত্যুভীতি কোনো অপরাধ নয়, বরং প্রশংসনীয় ও ক্ষমার যোগ্য; কেননা তার ভয়ের কারণ নিজের অপূর্ণ আধ্যাত্মিক প্রস্তুতি, কোনো পার্থিব লোভ নয়।
পরম প্রেমাস্পদ বান্দা: এটি আধ্যাত্মিকতার অত্যন্ত উচ্চ মার্গ। এই শ্রেণির মানুষ রাত-দিন মৃত্যুকে পরম ভালোবাসার সঙ্গে স্মরণ করেন। কারণ তিনি জানেন, মৃত্যুর পর্দা উন্মোচিত হওয়া ছাড়া তাঁর পরম প্রতিপালক ও প্রেমাস্পদের (আল্লাহর) সঙ্গে সরাসরি সান্নিধ্য লাভ সম্ভব নয়।
একজন প্রেমিক যেমন বহুল প্রতীক্ষিত মিলনমুহূর্তকে কখনো বিস্মৃত হতে পারে না, তেমনি আরেফ বান্দাও মৃত্যুর ক্ষণকে ভালোবাসেন। রাসুল (সা.) এই স্তরের ইঙ্গিত দিয়েই বলেছেন, 'যে ব্যক্তি আল্লাহর সঙ্গে সাক্ষাৎকে ভালোবাসে, আল্লাহও তার সঙ্গে সাক্ষাৎকে ভালোবাসেন।' (সহিহ বুখারি, হাদিস: ৬৫০৭)
সমর্পিত নিষ্কাম আত্মা: এটি পরম সত্যনিষ্ঠ সিদ্দিকদের সর্বোচ্চ মাকাম। এই স্তরের বান্দা নিজের পছন্দ অনুযায়ী জীবন বা মৃত্যু কোনোটিই বেছে নেন না; বরং তিনি তাঁর রবের ইচ্ছার ওপর সম্পূর্ণ সন্তুষ্ট ও সমর্পিত থাকেন।
আল্লাহ যদি তাঁকে পৃথিবীতে দীর্ঘজীবী রেখে নেক আমল বৃদ্ধির সুযোগ দেন, তিনি তাতেই আনন্দিত; আর আল্লাহ যদি এই মুহূর্তেই তাঁকে ডেকে নেন, তবে তিনি পরম প্রশান্তচিত্তে সেই ফয়সালা মাথা পেতে নেন।

ফরজ হজ পালন না করার পরিণতি ভয়ানক

শাঈখ মুহাম্মাদ উছমান গনী

ইসলামের পঞ্চস্তম্ভের অন্যতম ফরজ ইবাদত হজ। রাসুলুল্লাহ (সা.) বলেন, 'ইসলাম পাঁচটি ভিত্তির ওপর প্রতিষ্ঠিত–এই সাক্ষ্য দেওয়া যে আল্লাহ ছাড়া কোনো মাবুদ নেই এবং নিশ্চয়ই হজরত মুহাম্মদ (সা.) আল্লাহর রাসুল, নামাজ কায়েম করা, জাকাত প্রদান করা, হজ সম্পাদন করা ও রমজানে রোজা পালন করা।' (বুখারি: ৭)।
কোরআন মাজিদে রয়েছে, 'আল্লাহর তরফ থেকে সেসব মানুষের জন্য হজ ফরজ করে দেওয়া হয়েছে, যারা তা আদায়ের সামর্থ্য রাখে।' (সুরা আলেইমরান, আয়াত: ৯৭)
কাবাঘর পুনর্নির্মাণের পর হজরত ইব্রাহিম (আ.)-কে আল্লাহুতাআলা বললেন, 'আর তুমি মানুষের মধ্যে হজের ঘোষণা দাও; তারা তোমার কাছে আসবে পদব্রজে ও সর্বপ্রকার ক্ষীণকায় উষ্ট্রপৃষ্ঠে; তারা আসবে দূরপাল্লার পথ অতিক্রম করে।' (সুরা হজ, আয়াত: ২৭)
হজের ফজিলত সম্পর্কে প্রিয় নবীজি (সা.) বলেন, 'হজ অতীতের সকল পাপ মুছে দেয়।' (মুসলিম)। 'হজ মানুষকে নিষ্পাপ করে, যেভাবে লোহার ওপর থেকে মরিচা দূর করা হয়।' (তিরমিজি)। 'যে ব্যক্তি যথাযথভাবে হজ পালন করে, সে পূর্বেকার পাপ থেকে এরূপ নিষ্পাপ হয়ে যায়, যেরূপ সে মাতৃগর্ভ থেকে ভূমিষ্ঠ হওয়ার দিন নিষ্পাপ ছিল।' (বুখারি)
হজের অন্যতম অনুষঙ্গ হলো তাকওয়া। আল্লাহতাআলা বলেন, 'হজ হয় সুনির্দিষ্ট মাসগুলোতে; অতঃপর যে কেউ এই মাসগুলোতে হজের জন্য মনস্থির করে, তার জন্য হজের সময় স্ত্রীসম্ভোগ, অন্যায় আচরণ ও কলহ-বিবাদ বিধেয় নয়। তোমরা উত্তম কাজের যা কিছু করো, আল্লাহ তা জানেন। আর তোমরা (হজের জন্য) পাথেয় ব্যবস্থা করো–তাকওয়া বা আত্মসংযমই শ্রেষ্ঠ পাথেয়। হে বোধসম্পন্ন ব্যক্তিগণ! তোমরা আমাকে ভয় করো।' (সুরা বাকারা, আয়াত: ১৯৭)
যাঁদের ওপর হজ ফরজ হয়েছে, তাঁরা যদি হজ পালন না করেন, তাঁদের বিষয়ে নবী করিম (সা.) বলেছেন, 'যে ব্যক্তি হজের সামর্থ্য লাভ করার পরও হজ সম্পাদন না করে মৃত্যুবরণ করল, সে ইহুদি বা খ্রিষ্টান অবস্থায় (ইমানহারা হয়ে) মৃত্যুবরণ করলেও তার প্রতি আমার কোনো দায়দায়িত্ব নেই।' (মুসলিম ও তিরমিজি: ৮১০-৮১২)
জ্ঞানসম্পন্ন, সাবালক ও মুমিন–যাঁরা হজের সফরের ব্যয়ের সামর্থ্য রাখেন এবং সফরকালীন পরিবারের ব্যয় নির্বাহের সংগতিও থাকে, তাঁদের ওপর হজ ফরজ হয়। ফরজ হজ পালন না করে মারা গেলে তা ইমানের পরিপন্থী, কবিরা গুনাহ ও কবরে আজাবের কারণ এবং তা অস্বীকার করা কুফরি। হজ ফরজ হলে তা পালনে কোনো অজুহাতে বিলম্ব করা উচিত নয়।
হজ সম্পাদনে শারীরিকভাবে অক্ষম হলে অন্য কাউকে দিয়ে বদলি হজ করানো জরুরি। যাঁরা সামর্থ্য থাকা সত্ত্বেও হজ আদায় করতে পারেননি, তাঁদের কর্তব্য হলো বদলি হজ করানো বা বদলি হজের জন্য অসিয়ত করে যাওয়া। অসিয়তকৃত বদলি হজ অসিয়তকারীর সম্পদ বণ্টনের আগে সম্পাদন করা বা এর জন্য অর্থ আলাদাভাবে রাখা ওয়ারিশদের জন্য ওয়াজিব।
অসিয়ত না করে গেলেও সব ওয়ারিশ সম্মিলিতভাবে অথবা কোনো ওয়ারিশ নিজ উদ্যোগে বা ব্যক্তিগতভাবে তা আদায় করতে বা করাতে পারবেন। এতেও মৃত ব্যক্তি দায়মুক্ত হবেন এবং বদলি হজ করনেওয়ালা ও করানেওয়ালা উভয়েই সওয়াবের অধিকারী হবেন। বদলি হজ যিনি সম্পাদন করেন, যিনি অর্থায়ন করেন এবং যাঁর জন্য হজ করা হয়, সবাই পূর্ণ হজের সওয়াব পাবেন।
জীবিত বা মৃত যেকোনো ব্যক্তির বদলি হজ করানো যায়। আত্মীয়স্বজন, বন্ধুবান্ধব অথবা পরিচিত-অপরিচিত যেকোনো ব্যক্তি যেকোনো ব্যক্তির বদলি হজ করতে বা করাতে পারেন। বদলি হজ আদায় করতে বা করাতে, যার জন্য বদলি হজ করা হবে বা করানো হবে, তাঁর অনুমতি বা অবগতি জরুরি নয়; তবে সম্ভব হলে তা জানানো উত্তম। নারীর বদলি হজ পুরুষ এবং পুরুষের বদলি হজ নারী পালন করতে পারবেন। যাঁর নিজের হজ ফরজ হয়ে অনাদায়ি রয়েছে, তাঁকে দিয়ে বদলি হজ করানো যাবে না। বদলি হজ আত্মীয়-অনাত্মীয়, নারী-পুরুষ যে কেউ করতে পারেন; তবে বিজ্ঞ ও পরহেজগার লোক দ্বারা করানো উত্তম।

দৈনন্দিন কর্মব্যস্ততায় যেভাবে ইসলামকে প্রাধান্য দেবেন

দিগন্ত ডেস্ক

ইসলাম কোনো খণ্ডকালীন বা নিছক আনুষ্ঠানিক উপাসনাকেন্দ্রিক আচার নয়; বরং এটি সামগ্রিক জীবনের এক ভারসাম্যপূর্ণ দর্শন। মানবজীবনের স্বাভাবিক মনোদৈহিক ছন্দ ও আত্মিক প্রশান্তি অক্ষুণ্ণ রেখে কীভাবে একজন মানুষ কর্মক্ষম ও উৎপাদনশীল থাকতে পারে, ইসলামে রয়েছে তার সুস্পষ্ট রূপরেখা।
আধুনিক মনস্তাত্ত্বিক পর্যবেক্ষণ এবং কোরআন-সুন্নাহর শাশ্বত নির্দেশনার আলোকে পড়াশোনা ও কর্মজীবনে প্রেরণা পুনরুদ্ধার এবং একটি সুষম দিনলিপি গঠনের পাঁচটি মৌলিক দিক বিশ্লেষণ করা হলো।
১. নামাজকেন্দ্রিক সময় ব্যবস্থাপনা
বস্তুবাদী সময় ব্যবস্থাপনায় ঘড়ির যান্ত্রিক কাঁটাকে প্রধান মানদণ্ড ধরা হলেও ইসলামি সময় ব্যবস্থাপনার কেন্দ্রবিন্দু হলো দৈনিক পাঁচ ওয়াক্ত নামাজ। নামাজ কেবল একটি ধর্মীয় ফরজ বিধানই নয়, বরং এটি দিন ও রাতের বিভিন্ন প্রহরকে সুষমভাবে বিভক্ত করার এক স্বাভাবিক ছন্দ।
আল্লাহর কাছে সর্বাধিক প্রিয় আমল তা-ই, যা নিয়মিত করা হয়, যদিও তা পরিমাণে অল্প হয়।
সহিহ বুখারি, হাদিস: ৬৪৬৪
মহান আল্লাহ বলেন, 'নিশ্চয়ই নির্দিষ্ট সময়ে নামাজ আদায় করা মুমিনদের ওপর ফরজ।' (সুরা নিসা, আয়াত: ১০৩)
যাঁরা পড়াশোনায় গভীর মনোযোগ চান কিংবা কর্মক্ষেত্রে শৃঙ্খলা বজায় রাখতে চান, তাঁদের উচিত কাজের সময়সূচিকে নামাজের সময়ের সঙ্গে সমন্বিত করা। ফজর থেকে জোহর, জোহর থেকে আসর–এভাবে প্রতিটি ওয়াক্তের মধ্যবর্তী সময়কে কাজের এক একটি নিবিড় 'ব্লক' হিসেবে ভাগ করে নিলে প্রাত্যহিক জীবনে চমৎকার নিয়মানুবর্তিতা তৈরি হয়।
নামাজে একাগ্রতা (খুশু-খুজু) মানুষের মানসিক স্থিরতা বহুগুণ বাড়িয়ে দেয়। পূর্বসূরিরা নামাজকে অন্তরের শান্তি ও মানসিক অবসাদ দূর করার অন্যতম শ্রেষ্ঠ মাধ্যম হিসেবে আখ্যায়িত করেছেন। (ইবনুল কাইয়িম আল-জাওযিয়্যাহ, জাদুল মা'আদ ফি হাদয়ি খাইরিল ইবাদ, ৪/১৮৬, মুআসসাসাতুর রিসালাহ, বৈরুত, ১৯৯৮)
নামাজ শেষে নিভৃতে আল্লাহর সমীপে মোনাজাত করা উচিত। কারণ, মহান আল্লাহ মানুষের অন্তরের সূক্ষ্মতম অনুভূতির খবর রাখেন, 'আমি মানুষকে সৃষ্টি করেছি এবং তার প্রবৃত্তি তাকে যে কুমন্ত্রণা দেয়, তা-ও আমি জানি। আর আমি তার গ্রীবাস্থিত ধমনি অপেক্ষা অধিক নিকটবর্তী।' (সুরা ক্বাফ, আয়াত: ১৬)
পড়াশোনার ক্লান্তি ও ভবিষ্যতের যাবতীয় অনিশ্চয়তা নিভৃতে আল্লাহর কাছে সমর্পণ করলে মানসিক চাপ অনেকটাই প্রশমিত হয়।
২. কোরআনের সঙ্গে সংলাপ
কোরআনকে শুধু আনুষ্ঠানিক পাঠের গ্রন্থ মনে না করে জীবনের পথনির্দেশক বা 'সংবিধান' বিবেচনা করা প্রয়োজন। শত ব্যস্ততার মাঝেও প্রতিদিন অন্তত ১০ থেকে ১৫ মিনিট কোরআনের অর্থ ও মর্ম অনুধাবনের (তাদাব্বুর) জন্য বরাদ্দ রাখা উচিত।
পড়ার টেবিলে বসার আগে বা রাতে ঘুমানোর পূর্বে অন্তরে এই জিজ্ঞাসা থাকা দরকার–আজ আমার প্রতিপালক আমাকে কী বার্তা দিতে চান? পবিত্র কোরআন অবতীর্ণ হওয়ার মূল উদ্দেশ্যই হলো, এর মর্মার্থ গভীরভাবে অনুধাবন করা এবং তা অন্তরে ধারণ করা। (ইবনে কাসির, তাফসিরুল কুরআনিল আজিম, ৭/৬৩, দার তাইবাহ, রিয়াদ, ১৯৯৯)
যেসব দিনে কাজের উদ্যম বা শারীরিক শক্তি কম থাকে, সে দিনগুলোতে হালকা বিষয় পড়া বা অপেক্ষাকৃত সহজ কাজগুলো সেরে ফেলা এবং উদ্যম তুঙ্গে থাকলে কঠিন অধ্যায়গুলো শেষ করাই বুদ্ধিমানের কাজ।
কোরআনের একটি আয়াতও যদি হৃদয়ে আলো ফেলে, তবে তা ক্লান্ত আত্মায় নতুন শক্তি জোগায়। রাসুলুল্লাহ (সা.) নিয়মিত ছোট ছোট আমলের তাগিদ দিয়ে বলেছেন, 'আল্লাহর কাছে সর্বাধিক প্রিয় আমল তা-ই, যা নিয়মিত করা হয়, যদিও তা পরিমাণে অল্প হয়।' (সহিহ বুখারি, হাদিস: ৬৪৬৪)

Government of the People's Republic of Bangladesh
Roads and Highways Department
Office of the Executive Engineer, RHD,
Road Division, Chandpur.
Tel : 02334485528
Fax No. 02334487310
E-mail:eechan@rhd.gov.bds

e-Tender Notice

e-Tender has been invited in the National e-GP System Portal (http://www.eprocure.gov.bd) for the following packages under Road Division, Chandpur during the year 2026-2027 (Charged Head : Revenue).

Name of the works	Packge No	Tender ID	Tender Document last selling / downloading Date and Time	Last Date and Time for Tender Security Submission	Tender Closing Date and Time
Supplying of Asphalt Materials for departmental routine maintenances work at Gouripur Kachua-Hajigonj Ramgomj-Laksmipur (R-117) Road & Kachua-Gulbahar Kashimpur-Matlab Dakkin (Z-1445) road of under Road Division, Chandpur during the year 2026-2027.	e-GP/CRD/EE/Routine/05/2026-2027	1341669	18 Oct 2026 16:00 PM	19 Oct 2026 12:00 AM	19 Oct 2026 12:30 PM

This is an online Tender, where only e-Tender will be accepted in the National e-GP Portal and no offline/hard copies will be accepted.`

To submit e-Tender, registration in the National e-GP System Portal (http://www.eprocure.gov.bd) is required.

For further information and guidelines are available in the National e-GP System Portal and also from e-GP help desk (helpdesk@eprocure.gov.bd) or eechan@rhd.gov.`

(Bhuiya Redwanur Rahman)
Id. No. 602254
Executive Engineer (C.C),
RHD Road Division, Chandpur.